

গণ বিতাড়নের ফ্লাইট শুরু

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র থেকে গুয়াতেমালাগামী ইউএস বিমানবাহিনীর দুটি সি-১৭ বিমান প্রায় ৮০ জন করে যাত্রী নিয়ে বৃহস্পতিবার রাতে যুক্তরাষ্ট্র থেকে উড্ডয়ন করে। তবে মেক্সিকো কেন ওই ফ্লাইট অবতরণে বাধা দিয়েছে তা স্পষ্ট নয়। তবে নভেম্বরে যুক্তরাষ্ট্র প্রেসিডেন্ট নির্বাচনে ডোনাল্ড

বাকি অংশ ০০ পৃষ্ঠায়

গাজার ফিলিস্তিনিদের স্থানান্তরে

ট্রাম্পের প্রস্তাব প্রত্যাখ্যান মিশর-জর্ডানের

বাংলা পত্রিকা ডেস্ক: গাজা ভূখণ্ডের বাসিন্দাদের মিশর বা জর্ডানে স্থানান্তর করার যে প্রস্তাব যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প সপ্তাহান্তে দিয়েছিলেন, মিশর, জর্ডান এবং ফিলিস্তিনি কর্তৃপক্ষ তা প্রত্যাখ্যান করেছে।

মিশরের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতি দিয়ে বলেছে, মিশরীয় সরকার "ফিলিস্তিনি জনগণের নিজেদের ভূমিতে রয়ে যাওয়ার দাবী, তাদের ন্যায্য অধিকার রক্ষার এবং আন্তর্জাতিক আইনের প্রতি সম্মান" সমর্থন করে।

মিশরের জনমত ফিলিস্তিনিদের মিশরে পুনর্বাসন করার বিরুদ্ধে।

বাকি অংশ ০৬ পৃষ্ঠায়

পথচলায় ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 19 / January 27, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ১৯ ॥ সোমবার মাঘ ১৩, ১৪৩১ ॥ রজব ২৪, ১৪৪৬ ॥

টাইম টিভি-বাংলা পত্রিকা'র বর্ষপূর্তীতে ভালোবাসার প্লাবন

বাংলা পত্রিকা TIME television

অভিবাসীদের পক্ষে থাকার অঙ্গীকার কংগ্রেসওম্যান ওকাসিও'র

সালাহউদ্দিন আহমেদ: বর্ণাঢ্য আয়োজন আর জাঁকজমকপূর্ণভাবে উদযাপিত হলো নিউইয়র্ক থেকে প্রকাশিত সাপ্তাহিক বাংলা পত্রিকা'র ২৮ বছর পূর্তী এবং টাইম টেলিভিশনের ১০ম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষ্যে লাখো দর্শক-শ্রোতার নিরন্তর ভালোবাসার প্লাবনে আবারো সিক্ত হলো উত্তর আমেরিকার সবচেয়ে জনপ্রিয় টেলিভিশন চ্যানেল টাইম টেলিভিশন। পাশাপাশি হাজারো পাঠক প্রিয় উত্তর আমেরিকায় বাংলাদেশী কমিউনিটির মুখপত্র





টাইম টিভি ও বাংলা পত্রিকার বর্ষপূর্তি অনুষ্ঠানে উপস্থিত কংগ্রেস সদস্য আলেকজান্দ্রা ওকাসিও কর্টেজ (বাঁ পাশের ছবি) এবং কংগ্রেস সদস্য গ্রেস মেং সহ অতিথিরা।

হিসেবে সাপ্তাহিক বাংলা পত্রিকা'র অবদানও অনস্বীকার্য। মিডিয়া দু'টির বর্ষপূর্তী অনুষ্ঠানে আগত অতিথি ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিরা এমন মন্তব্য করেন। নিউইয়র্ক সিটিস্থ বিলাসবহুল এস্টোরিয়া ওয়ার্ল্ড ম্যানোরে দু'দিনব্যাপী (২৪-২৫ জানুয়ারী) এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। উল্লেখ্য, গেলো সেপ্টেম্বর মাসে টাইম টেলিভিশন ১০ বছর পেরিয়ে ১১ বছরে আর বাংলা পত্রিকা ২৮ বছর পেরিয়ে ২৯ বছরে পদার্পন করেছে। প্রতিষ্ঠাবার্ষিকীর এবারের শ্লোগান ছিলো 'জেনারেশন জি দি গেম চেঞ্জার'।

ইউএস কংগ্রেস সদস্য, নিউইয়র্ক ষ্টেট সিনেটর, অ্যাসেম্বলীম্যান, সিটি কাউন্সিল সদস্য ছাড়াও প্রবাসে বসবাসকারী বীর মুক্তিযোদ্ধা, বাংলাদেশী-আমেরিকান

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

ট্রাম্পের বিরুদ্ধে মামলায় কাজ করা ডজনখানেক আইনজীবী বরখাস্ত

বাংলা পত্রিকা ডেস্কঃ প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে দুটি ফৌজদারি মামলায় কাজ করা এক ডজনের বেশি আইনজীবীকে বরখাস্ত করেছে তার প্রশাসন।

বিবিসির যুক্তরাষ্ট্রের অংশীদার সিবিএস নিউজকে বিচার বিভাগের এক কর্মকর্তা

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

কুইন্সে কিশোরের ছুরিকাঘাতে যুবক খুন

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটির কুইন্সে তর্কাতর্কির জেরে ১৬ বছরের কিশোরের ছুরিকাঘাতে খুন হয়েছেন ২৪ বছরের যুবক। এ ঘটনায় কুইন্সের গোয়েন্দারা অভিযুক্ত কিশোরকে আটকের পর জিজ্ঞাসাবাদ করছেন।

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

আনডকুমেন্টেড গ্রেপ্তার অভিযান অব্যাহত

নিউইয়র্কসহ বিভিন্ন সিটিতে ২ সহস্রাধিক গ্রেপ্তার

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেটে বসবাসরত অনথিভুক্ত ও অপরাধী অভিবাসী ধরপাকড়ে সাড়াঁশি যৌথ অভিযান চালাচ্ছে আইস, এফবিআই, এ টি এফ, ডিইএ ও বর্ডার পেট্রোলসহ ফেডারেল আইন শৃঙ্খলা বাহিনী। ৬ দিনে ২৬ শতাধিক বেশি অনথিভুক্ত ও অপরাধী অভিবাসীকে গ্রেপ্তার করা হয়েছে। আর এ পর্যন্ত এসব অভিযানে শিকাগো, নিউইয়র্ক, ডেনভারসহ একাধিক স্যাংচুয়ারি সিটি থেকেই প্রায় দেড় হাজার অনথিভুক্ত ও অপরাধী অভিবাসী গ্রেপ্তার করা হয়। বার্তা সংস্থা রয়টার্স, সিএনএন বিবিসি, এবিসি নিউজ তাদের প্রতিবেদনে জানিয়েছে, মূলত আইস স্যাংচুয়ারি সিটিগুলোতে অনথিভুক্ত ও অপরাধী অভিবাসী গ্রেপ্তার অভিযান চালাচ্ছে। শিকাগো, নিউইয়র্ক, নিউজার্সির নিউ ইয়ার্ক ও বস্টনের ম্যাসাচুয়েটসসহ স্যাংচুয়ারি সিটিতে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এর নেতৃত্বে যৌথ অভিযানে প্রায় হাজার অভিবাসী গ্রেপ্তার হয়েছেন। কোন অপরাধে অভিযুক্ত ও সম্পৃক্ততা নেই এরকম দেড়শ অভিবাসীকে আটকের খবর পাওয়া গেছে এবিসি ও সিএনএন'র প্রতিবেদনে। এরকম অভিযানে স্যাংকচুয়ারি সিটির অভিবাসন প্রত্যাশীদের মধ্যে দু:শ্চিন্তা চরম আকার ধারণ করেছে।

এদিকে গ্রেপ্তার অভিযানে আতঙ্কে নিউইয়র্কের শেল্টার হাউজে থাকা অনেক অভিবাসী সেখান থেকে সরে গেছেন। নিউইয়র্কে গত ৬

বাকি অংশ ০৭ পৃষ্ঠায়



নিউইয়র্কে অবৈধ অভিবাসী গ্রেপ্তার অভিযানে আইস সহ আইন প্রয়োগকারী সদস্যরা।

স্ত্রীসহ-সন্তানকে হত্যার পর যুবকের আত্মহত্যা

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়ার একটি বাড়ি থেকে একই পরিবারের চারজনের মরদেহ উদ্ধার করা হয়েছে। তদন্তে জানা গেছে, স্ত্রী ও দুই শিশু সন্তানকে হত্যার পর আত্মহত্যা করেছেন এক যুবক। স্থানীয় পুলিশ ঘটনাটিতে 'অনাকাঙ্খিত' বলে উল্লেখ করেছে।

রাজ্যটির পুলিশ জানিয়েছে, মৃতরা হলেন- পল সোয়ার্নার (৩৫), তার স্ত্রী কারেন সোয়ার্নার (৩২) এবং দুই সন্তান ইভেলিন (৫) ও কনর (১)। মৃত্যুর খবরটি প্রথমে পুলিশকে জানান পল সোয়ার্নারের শ্বশুর। শুক্রবার এক সংবাদ সম্মেলনে তদন্তকারী পুলিশ কর্মকর্তারা জানিয়েছেন, পল সোয়ার্নার তার স্ত্রী ও দুই সন্তানকে প্রথমে গুলি করে হত্যা করেছেন। এরপর তিনি আত্মহত্যা করেন।

তদন্তকারীরা আরও বলেছেন, একই কক্ষ থেকে চারজনের মরদেহ উদ্ধার করা হয়েছে। মৃত্যুর

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

আ. লীগের ভবিষ্যৎ কী

ঢাকা ডেস্ক: ক্ষমতা হারানো আওয়ামী লীগের ভবিষ্যৎ নিয়ে ছাত্র-জনতার অভ্যুত্থানের শক্তিগুলোর মধ্যে দেখা দিয়েছে মতভেদ। অন্তর্বর্তী সরকার ও অভ্যুত্থানের ছাত্র নেতৃত্ব দলটিকে জুলাই গণহত্যার জন্য দায়ী করে নির্বাচনে দেখতে চায় না। বিএনপি আগের মতোই সিদ্ধান্তের ভার জনগণের বললেও আওয়ামী লীগের অবস্থানে এসেছে নাটকীয় বদল।

ক্ষমতাচ্যুত দলটি ১৪ বছরের বক্তব্য পাল্টে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন চাইছে। অন্তর্বর্তী সরকার, ছাত্র নেতৃত্ব ও জামায়াতে ইসলামীর প্রতি কঠোর মনোভাব দেখালেও বিএনপির প্রতি নমনীয়তার ইঙ্গিত দিচ্ছে আওয়ামী লীগ।

ক্ষমতায় থাকাকালে আওয়ামী লীগ নেতারা বিএনপিকে দমনে কথা বললেও এখন একসঙ্গে গণতন্ত্র পুনরুদ্ধারের ইচ্ছার জানান দিচ্ছেন।

বাকি অংশ ০৬ পৃষ্ঠায়











জামায়াতের বড়শি, বিএনপির জাল

ঢাকা ডেস্কঃ আওয়ামী লীগ ভোটে থাকতে পারবে না ধরে নিয়ে আসছে সংসদ নির্বাচনে বিএনপির প্রতিদ্বন্দ্বী বলয় গড়ার চেষ্টা করছে একসময়ের মিত্র জামায়াতে ইসলামী। ধর্মভিত্তিক দলের জোট এবং অন্যদের সঙ্গে নির্বাচনী সমঝোতার এ প্রচেষ্টা আটকাতে তৎপর বিএনপিও। জামায়াত যে দলগুলোর দিকে হাত বাড়াচ্ছে, বিএনপিও সেগুলোকে কাছে টানছে।

শেখ হাসিনার পতন ঘটানো গণঅভ্যুত্থানের ছাত্রনেতাদের সঙ্গে বিএনপির প্রকাশ্য বিরোধ ও জামায়াতের বন্ধুভাব থাকলেও দু'পক্ষই যোগাযোগ রাখছে। রাজনৈতিক দলগুলোর সূত্র এবং নেতারা সমকালকে এসব তথ্য জানিয়েছেন।

'বড়শি ফেলে' জামায়াত সময় নিয়ে যাদের কাছে আনছে, বড় দল বিএনপি আসন এবং জাতীয় সরকারে জায়গা দেওয়ার 'জাল ফেলে' তাদের নিজের দিকে তুলে নিচ্ছে। ভোট-জোটের এমন প্রতিফলন দেখা যাচ্ছে রাজনীতিতেও। জামায়াত এবং চরমোনাইর পীরের ইসলামী আন্দোলনের দীর্ঘ আদর্শিক বিরোধ থাকলেও ২১ জানুয়ারি দু'দলের প্রধানের দেখা হয়। ইসলামী আন্দোলনের আমির সৈয়দ মুহাম্মদ রেজাউল করীমের সঙ্গে বরিশালের চরমোনাই গিয়ে জামায়াত আমির ডা. শফিকুর রহমানের সাক্ষাৎ নতুন আলোচনার জন্ম দেয়।

বিএনপির একাধিক নেতা একে 'স্বাধীনতাবিরোধী এবং ফ্যাসিবাদের সহযোগীর মিলন' আখ্যা দিয়ে কটাক্ষও করেন। তবে আজ সোমবার চরমোনাই পীরের সঙ্গে দেখা করতে দলটির কার্যালয়ে যাচ্ছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এ সাক্ষাৎ এমন সময়ে হচ্ছে, যখন চরমোনাই পীর জামায়াতসহ অন্য ধর্মভিত্তিক দল নিয়ে ইসলামী জোট গঠনে সক্রিয় হয়েছেন। চাঁদাবাজি, দখলের জন্য বিএনপি নেতাকর্মীকে অভিযুক্ত করছেন। বিএনপি শাসনামলের ব্যর্থতার ফিরিস্তি দিয়ে দলটি ক্ষমতায় যেতে মরিয়া বলে প্রকাশ্যে সমালোচনা করছেন।

যাদের নিয়ে জোটের চেষ্টা

মামুনুল হকের বাংলাদেশ খেলাফত মজলিস, আবদুল বাসিত আযাদের খেলাফত মজলিস, জমিয়তে উলামায়ে ইসলামকে নিয়ে জোট গঠনের চেষ্টা করছে জামায়াত এবং ইসলামী আন্দোলন। অন্য দুই নিবন্ধিত ধর্মভিত্তিক দল ইসলামী ঐক্যজোট এবং খেলাফত আন্দোলন ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের সঙ্গে ছিল। তাই দল দুটিকে জোটে রাখা হবে না। কওমি মাদ্রাসাভিত্তিক সংগঠন হেফাজতে ইসলামের সংশি ষ্ট অনিবন্ধিত নেজামে ইসলাম গত ১৮ ডিসেম্বর জামায়াত কার্যালয়ে গিয়ে বৈঠক করেন। এর আগে আগস্টের বৈঠকে ছিল খেলাফত মজলিসসহ অন্য ধর্মভিত্তিক দল। ছিল না চরমোনাই পীরের দল।

বাংলাদেশ খেলাফতের যুগ্ম মহাসচিব মাওলানা আতাউল াহ আমিন সমকালকে বলেন, আদর্শিক পার্থক্য থাকলেও ইসলামী দলগুলোকে এক নির্বাচনী মঞ্চে আনতে চেষ্টা চলছে। জামায়াত, ইসলামী আন্দোলন, জমিয়ত, দুই খেলাফত একসঙ্গে আসতে কথা বলছে। সব দলই সংখ্যানুপাতিক পদ্ধতিতে নির্বাচন চায়। তবে শুধু ইসলামী নয়, অন্য গণতান্ত্রিক এবং ফ্যাসিবাদবিরোধী দলগুলোর সঙ্গেও নির্বাচনী সমঝোতার আলাপ আছে।

দলগুলোর সূত্র জানিয়েছে, নুরুল হক নুরের নেতৃত্বাধীন গণঅধিকার পরিষদ, ১২ দলীয় জোটকে বৃহত্তর সমঝোতায় কাছে টানার চেষ্টা করেছে জামায়াত। গত ১৫ আগস্ট জামায়াতের মহানগর কার্যালয়ে যান ১২ দলীয় জোটের নেতারা। এ জোটে রয়েছে জাতীয় পার্টি (জাফর), জমিয়তে উলামায়ে ইসলামের একাংশ, বিকল্পধারার একাংশ, ইসলামী ঐক্য জোটের একাংশ, বাংলাদেশ জাতীয় দলসহ কয়েকটি দল।

জামায়াতের বড়শি কাটতে বিএনপির জাল

১২ দলীয় জোট ইতোমধ্যে বিএনপির দিকে ভিড়ে ন্যূনতম সংস্কার করে দ্রুত নির্বাচনের কথা বলছে। জোটের সমন্বয়ক এবং জাতীয় দলের চেয়ারম্যান সৈয়দ এহসানুল হুদাকে কিশোরগঞ্জ-৫ আসনে সহায়তায় স্থানীয় নেতাকর্মীকে চিঠি দিয়ে নির্দেশ দিয়েছে বিএনপি।

অন্তবর্তী সরকার এবং অভ্যুত্থানের ছাত্রনেতাদের ঘনিষ্ঠ একটি দলের নেতা সমকালকে বলেছেন, অন্য দলগুলো কাছে টানা এবং ধরে রাখার ক্ষমতা বিএনপিরই বেশি। বর্তমান পরিস্থিতিতে নির্বাচনে বিএনপির বিজয় প্রায় নিশ্চিত। ইতোমধ্যে ঘোষণা দিয়েছে, জয়ী হলে আন্দোলনের সঙ্গী দলগুলোকে নিয়ে জাতীয় সরকার করবে। ভোটের মাঠে বিএনপির চেয়ে অনেক পিছিয়ে থাকা জামায়াত দলগুলোকে ৫ থেকে ১০ আসন ছাড়লেও বিএনপির কাছ থেকে একটি দুটি আসন পেলেও সংসদে যাওয়া অধিকতর নিশ্চিত । এ সমীকরণে দলগুলো জামায়াতের বদলে বিএনপির ডাকেই সাড়া দেবে।

ইতোমধ্যে এ বক্তব্যের প্রতিফলন দেখা গেছে জোট গঠনের প্রক্রিয়ায় থাকা খেলাফত মজলিসের অবস্থানে। দলটি ২২ জানুয়ারি বিএনপির আমন্ত্রণে গুলশান কার্যালয়ে যায়। দ্রুত নির্বাচনসহ সাত দাবিতে ঐকমত্য পোষণ করে। গত ২৯ ডিসেম্বর সোহরাওয়ার্দী উদ্যানে খেলাফতের সম্মেলনে যোগ দিয়ে জামায়াতের আমির বলেছিলেন, ইসলামী দলগুলোর মাথায় আর কেউ কাঁঠাল ভেঙে খেতে পারবে না।

খেলাফতের মহাসচিব ড. আহমদ আবদুল কাদের বলেন, বিএনপির ডাকে বৈঠকে গেলেও ইসলামী দলগুলোর জোট গঠন প্রচেষ্টা থেকে সরে দাঁড়াইনি। বিএনপির সঙ্গে কথা হয়েছে জাতীয় ঐক্যের বিষয়ে। আগামী নির্বাচনে ইসলামী দলগুলোর প্রতীক ভিন্ন হলেও প্রতি আসনে একক প্রার্থী রাখার চেষ্টা রয়েছে।

২০১৮ সালের নির্বাচনে খেলাফতকে দুটি আসন ছেড়েছিল

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়





রাজনীতিতে জড়িয়ে পড়া বাহিনীর সংস্কার কঠিন

ঢাকা ডেস্কঃ বাংলাদেশে আইনশৃঙ্খলা বাহিনীগুলোর কাঠামোগত সংস্কার ছাড়া অন্তবর্র্তী সরকারের কষ্টার্জিত অগ্রগতি বৃথা যেতে পারে। এসব বাহিনীর দ্রুত সংস্কার করা না গেলে পরের সরকারের মাধ্যমে মানবাধিকার লঙ্ঘনের শঙ্কা থেকেই যাবে। শেখ হাসিনা সরকারের আমলের সাড়ে ১৫ বছর নিরাপত্তা বাহিনীগুলো যেভাবে রাজনীতিতে জড়িয়েছে, সেখান থেকে তাদের বের করে সংস্কার করা কঠিন হবে বলে মনে করে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডবি উ)।

গেল ৫ আগস্ট-পরবর্তী বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি এবং আইনশৃঙ্খলা বাহিনীর প্রয়োজনীয় সংস্কার নিয়ে 'আফটার দ্য মনসুন রেভুলেশন: এ রোডম্যাপ টু লাস্টিং সিকিউরিটি সেক্টর রিফর্ম ইন বাংলাদেশ' শীর্ষক প্রতিবেদনে এমন সুপারিশ তুলে ধরেছে সংস্থাটি। প্রতিবেদনটি আজ মঙ্গলবার প্রকাশ করতে যাচ্ছে এইচআরডবি উ। প্রতিবেদনে গণঅভ্যুত্থানের আগে-পরে আইনশৃঙ্খলা বাহিনীগুলোর মানবাধিকার লঙ্ঘন এবং ভবিষ্যৎ মানবাধিকার লঙ্ঘনের ঘটনা প্রতিরোধে সুপারিশ তুলে ধরা হয়েছে।

র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নকে (র ্যাব) বিলুপ্তির সুপারিশ করেছে সংস্থাটি। কারণ হিসেবে বহু বছর ধরে র ্যাব নির্যাতন করে আসছে এমন তথ্য-উপাত্ত সংস্থাটির কাছে রয়েছে। দাতাদের অর্থায়নে বাহিনীটিকে মানবাধিকার প্রশিক্ষণ দিলেও উপকার দেখছে না সংস্থাটি। দাতাদের এ বাহিনীর পেছনে অর্থ খরচ করাকে ভুল বলছে এইচআরডবি উ।

প্রতিবেদনে বলা হয়েছে, ছাত্র আন্দোলনের সময় নজিরবিহীন দমনপীড়ন চালানো হয়েছিল। এ ধরনের অতিরিক্ত বলপ্রয়োগ বাংলাদেশে রাজনৈতিকভাবে ব্যবহৃত নিরাপত্তা বাহিনীর একটি সুপ্রতিষ্ঠিত অনুশীলন, যারা দীর্ঘ সময় ধরে দায়মুক্তির সংস্কৃতি উপভোগ করে আসছে। ২০১৯ সালে জাতিসংঘের নির্যাতনের বিরোধী কমিটি বাংলাদেশের পুলিশ বাহিনীকে 'রাষ্ট্রের ভেতরে রাষ্ট্র' হিসেবে বর্ণনা করেছিল। পুলিশসহ বাংলাদেশে আইনশৃঙ্খলা বাহিনীর দায়মুক্তি ও জবাবহীনতার বিষয়টিও প্রতিষ্ঠিত।

শেখ হাসিনা দেশ ছেড়ে চলে যান, বহু থানা বন্ধ হয় এবং হামলার ভয়ে পুলিশ সদস্যরাও গা-ঢাকা দিয়েছিলেন। যদিও মধ্য আগস্টের দিকে ৬৩৯ থানার মধ্যে ৬২৮টি আবার কার্যক্রম শুরু করে। এখন নিরাপত্তা খাতের সংস্কার এবং একই ধরনের মানবাধিকার লঙ্ঘনের যাতে পুনরাবৃত্তি না হয়, তা বাস্তবায়ন নিশ্চিত করা বর্তমান সরকারের জন্য গুরুত্বপূর্ণ। অন্তবর্র্তী সরকার ইতোমধ্যে জবাবদিহি নিশ্চিত করতে এবং সংস্কারের জন্য কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। আর গুমের বিষয়টি তদন্তে কমিশনও গঠন করেছে। এ ছাড়া অন্য খাতের সংস্কারের পাশাপাশি পুলিশের সংস্কার নিয়ে আলাদা কমিশন গঠন করেছে। এর মূল উদ্দেশ্য আগে যে নিরাপত্তা বাহিনীগুলো ক্ষমতার অপব্যবহার করেছিল, তা যাতে ফিরে না আসে।

আইনশৃঙ্খলা বাহিনীর কাঠামোগত সংস্কার নিয়ে এইচআরডবি উর এশিয়া পরিচালক ইলেইন পিয়ারসন সমকালকে বলেন, হাসিনার আমলে নিরাপত্তা বাহিনীগুলো যেভাবে রাজনৈতিক প্রভাবের কারণে ক্ষয়প্রাপ্ত হয়েছে, সেখান থেকে বের হয়ে তাদের সংস্কার করা কঠিন হবে। এটি অন্তবর্র্তী সরকারের জন্য বড় চ্যালেঞ্জ।

প্রতিবেদনে নিরাপত্তা বাহিনী সংস্কারে রাজনৈতিক প্রভাবমুক্ত করা অন্যতম চ্যালেঞ্জ হিসেবে উলে খ করা হয়েছে। সংস্কারে সরকারি আইনজীবী ও বিচার বিভাগকে রাজনৈতিক প্রভাবমুক্ত করার পাশাপাশি নাগরিক সমাজের তদারকি ও জবাবদিহি নিশ্চিত করা এবং নির্যাতনমূলক অভ্যাস বন্ধ করতে হবে। এ ক্ষেত্রে কাঠামোগত সংস্কার নিশ্চিতে দাতা দেশগুলোর উচিত বিনিয়োগ করা। আর পরবর্তী সরকার ক্ষমতায় এসে যাতে এসব সংস্কার বদলে দিতে না পারে, সে জন্য অন্তবর্র্তী সরকারের উচিত জাতিসংঘের মানবাধিকার কাউন্সিলে একটি প্রস্তাবনা নেওয়া, যাতে তারা সংস্কার বাস্তবায়নে সহযোগিতার পাশাপাশি পরিস্থিতি পর্যবেক্ষণ করতে পারে।



এইচআরডবি উর জ্যেষ্ঠ গবেষক জুলিয়া বে কনার বলেন, প্রতিবেদন তৈরির সময় আমরা অনেক পুলিশ কর্মকর্তার সাক্ষাৎকার নিয়েছি। তারা বলেছেন, কীভাবে তাদের পুলিশে ভর্তি এবং পদোন্নতির সময় রাজনৈতিক নেতাদের ঘুষ দিতে হতো। পুলিশ সদস্যদের সাধারণ নাগরিককে নিপীড়ন করার জন্য পুরস্কৃত করা হতো। পুরো পুলিশ বাহিনী সম্পূর্ণভাবে রাজনীতিকীকরণ করা হয়েছে। আর দীর্ঘ দিন ধরে চলা এসব অনিয়মের কারণে জুলাই-আগস্টের সহিংসতা হয়েছে। কর্মকর্তারা রাজনৈতিক নেতাদের কাছে জবাবদিহি করত এবং বোঝানো হয়েছিল পরিপ্রেক্ষিতে গণগ্রেপ্তার করা হয়েছে। অভিযোগগুলো পর্যালোচনা করলে দেখা যায়, এতে ১০০ আওয়ামী লীগ নেতা এবং ২০০ থেকে ৩০০ অজ্ঞাতনামা ব্যক্তিকে আসামি করা হয়েছে। এসব অভিযোগের ভিত্তিতে পুলিশ যে কোনো মানুষকে হয়রানি করতে পারবে। কিছু অভিযোগকারীর সঙ্গে কথা বলে জানা গেছে, তারা নিজেরা জানেন না কার বিরুদ্ধে অভিযোগ করেছেন।

জুলিয়া বে কনার বলেন, এটি সঠিক বিচার পাওয়ার উপায় নয়। বর্তমান ড. ইউনূসের নেতৃত্বাধীন সরকার মানবাধিকার ও বাকস্বাধীনতার মতো বিষয়গুলো সুরক্ষা দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তবে এ প্রতিশ্রুতির বিপরীত আচরণ লক্ষ্য করা যাচ্ছে। ১৪০ সাংবাদিকের বিরুদ্ধে অভিযোগ গঠন করা হয়েছে। এর মধ্যে অনেককে অভিযুক্ত করা হয়েছে মানবতাবিরোধী অপরাধের দায়ে। ১৬০ সাংবাদিকের প্রেস অ্যাক্রিডিটেশন বাতিল এবং অনেকের ব্যাংক হিসাব জব্দ করা হয়েছে। সেই সঙ্গে জারি করা হয়েছে সাইবার সুরক্ষা অধ্যাদেশ। আগের সরকার এ আইনটি একেক সময় একেক নামে ব্যবহার করেছিল।

আওয়ামী লীগকে নিষিদ্ধ করার বিতর্কের বিষয়ে তিনি বলেন, আমরা সম্প্রতি উপদেষ্টা মাহফুজ আলমের বিবৃতি দেখেছি। যেখানে আওয়ামী লীগকে নির্বাচন থেকে নিষিদ্ধের বিষয়টি তোলা হয়েছে, এটি বেশ উদ্বেগের। কারণ বাংলাদেশিরা হয়তো আরেকটি নির্বাচন পেতে যাচ্ছে, যেখানে তারা পছন্দের প্রার্থীদের ভোট দিতে পারবে না।

আওয়ামী লীগকে নিষিদ্ধ করার বদলে কী ব্যবস্থা নেওয়া যেতে পারে জানতে চাইলে জুলিয়া বে কনার বলেন, সঠিক উপায়ে তদন্ত করে অভিযোগ গঠন করে বিচার করা।

প্রতিবেদনে টেকসই সংস্কারে সুপারিশের মধ্যে আরও বলা হয়েছে, গণগ্রেপ্তার ও অজ্ঞাতনামা মামলা বন্ধে নিষেধাজ্ঞা দিতে হবে। আটক ব্যক্তিকে যাতে দ্রুত সময়ের মধ্যে বিচারকের সামনে হাজির করা যায়। আটকে রাখার স্থান যাতে পরিদর্শন করা যায়। সেই সঙ্গে রিমান্ডের প্রচলনে নিষেধাজ্ঞা আনতে হবে। এই অন্তবর্র্তী সরকারের আমলেই সাংবাদিককে দিনের পর দিন রিমান্ডে নেওয়ার ঘটনা ঘটেছে। অতীতের অভিজ্ঞতা অনুযায়ী রিমান্ডে নিরাপত্তা বাহিনী নির্যাতন করে থাকে। এ ছাড়া যেসব আইন জবাবদিহির পথে বাধা, সেসব আইনকে সংশোধন বা বাতিল করার পরামর্শ অন্তবর্র্তী সরকারকে দিয়েছে এইচআরডবি উ।[ISEP]কাঠামোগত সংস্কারের বিষয়ে জানতে চাইলে জুলিয়া বে কনার বলেন, আইনশৃঙ্খলা বাহিনীকে স্বাধীন করতে হবে। এদের রাজনৈতিক প্রভাবমুক্ত করতে হবে। তাদের পদোন্নতি থেকে শুরু করে নিয়োগে যাতে রাজনৈতিক প্রভাব মুক্ত থাকে।

কাঠামোগত সংস্কার করা হলে র ্যাবকে কেন বিলুপ্ত করতে হবে? এ প্রশ্নে তিনি বলেন, যে দলই ক্ষমতায় এসেছে, র ্যাবকে নির্যাতনের হাতিয়ার হিসেবে ব্যবহার করেছে। র ্যাবকে সংস্কার করা সম্ভব নয় বলে এ বাহিনীকে আমরা আলাদা করে দেখছি। র ্যাবকে যে কাঠামো ও ম্যান্ডেট দেওয়া হয়েছে, তাতে সমস্যা আছে। সরকার যে কোনো কাজেই এ বাহিনীকে ব্যবহার করতে পারে, সেটা যত নিপীড়নমূলকই হোক না কেন।

প্রতিবেদনে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালেরও (আইসিটি) সমালোচনা করা হয়েছে। অতীতে এটিকে ব্যবহার করে অস্বচ্ছ বিচার করা হয়েছে। আইসিটি আইনে এখনও অনেক ধারাই আন্তর্জাতিক মানের নয়। এখানে মৃত্যুদণ্ডের মতো বিধান রয়েছে। সেই সঙ্গে আন্তর্জাতিক মানবাধিকার লঙ্ঘন হয় এমন ধারা রয়েছে। যেমন অভিযুক্ত ব্যক্তির অনুপস্থিতিতে বিচার করা। নভেম্বর পর্যন্ত এ আদালতে শেখ হাসিনাসহ ৮০ জনকে মানবতাবিরোধী অপরাধে অভিযুক্ত করা হয়েছে।

যারা অনুপস্থিত, তাদের বিচার কীভাবে করা যাবে জানতে চাইলে এশিয়া পরিচালক ইলেইন পিয়ারসন বলেন, উপস্থিতি নিশ্চিত করে বিচার করতে হবে। কারণ অভিযুক্ত ব্যক্তিরা নিজেদের পক্ষে যুক্তি দেওয়ার সুযোগ থেকে বঞ্চিত হয়।

শেখ হাসিনার বিচার নিয়ে জুলিয়া বে কনার বলেন, আইসিটি আইনে মৃত্যুদণ্ডের বিধান রেখে শেখ হাসিনাকে ফেরানো সহজ হবে না। বাংলাদেশ মৃত্যুদণ্ডের বিধান বাতিল করার পাশাপাশি আইসিটি আইনকে আন্তর্জাতিক মানে উন্নীত করলে শেখ হাসিনাকে ফেরাতে ভারতকে চাপ দেওয়া আমাদের জন্য সহজ হবে।



The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

দুর্নীতি ও ব্যর্থতার শেষ কোথায়

দেশের কৃষি খাত আধুনিকায়ন ও লাভজনক করার উদ্দেশ্যে সরকার যে 'সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প' হাতে নিয়েছিল, তা দুর্নীতির কারণে ব্যর্থ হয়েছে, কৃষকদের করেছে নিরাশ। ৩ হাজার কোটি টাকার এই প্রকল্পের ব্যর্থতায় শুধু সংশ্লিষ্টদের অযোগ্যতা ও দুর্নীতির দৃষ্টান্তই প্রতিষ্ঠিত হয়নি, বরং দেশের কৃষি খাতে আধুনিকায়নের চেষ্টায়ও বিপর্যয় নেমে এসেছে। দেশের একটি পত্রিকায় ২৪ জানুয়ারি 'লুটপাটে গায়েব ভর্তুকির টাকা' শিরোনামে একটি খবর প্রকাশিত হয়েছে।

ভবিষ্যতের উন্নয়ন প্রকল্পগুলো যাতে এমন পরিস্থিতির শিকার না হয়, সে জন্য এখনই প্রয়োজন সুস্পষ্ট পরিকল্পনা ও দায়িত্বশীলতামূলক কাঠামো গড়ে তোলা। সরকারের উচিত কৃষি খাতকে বাঁচাতে নতুন করে নীতিমালা প্রণয়ন করা, যাতে কৃষকদের পৃষ্ঠপোষকতা করার প্রতিশ্রুতি প্রকৃত অর্থে বাস্তবায়ন করা যায়। অন্যথায়, লুটপাটের সংস্কৃতি আমাদের উন্নয়ন প্রচেষ্টাকে ধ্বংস করবে এবং কৃষি খাতের ভবিষ্যৎ গভীর অনিশ্চয়তায় পড়ে যাবে।

কৃষকদের মধ্যে উন্নত কৃষিযন্ত্র ছড়িয়ে দেওয়া এবং ভর্তুকি প্রদানের মাধ্যমে তাঁদের আর্থিক ও উৎপাদনক্ষমতা বৃদ্ধির পরিকল্পনা স্বভাবতই একটি ভালো পদক্ষেপ ছিল। কিন্তু বাস্তবায়নের পর্যায়ে দুর্নীতি ও প্রশাসনিক ব্যর্থতার ফলে এই প্রকল্প দেশের হাজারো প্রকৃত কৃষকের জন্য অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। মাঠপর্যায়ের প্রকৃত কৃষকেরা ভর্তুকির সুবিধা পাননি। বরং অনেকে টাকা জমা দিয়ে যন্ত্রের জন্য দিনের পর দিন অপেক্ষা করে বিফল হয়েছেন। অথচ প্রকৃত কৃষকের বাইরে রাজনৈতিক দালাল ও অসাধু কর্মকর্তাদের পৃষ্ঠপোষকতায় যন্ত্র সরবরাহ করা হয়েছে অযথা বেশি দামে।

এই প্রকল্পে তিনটি প্রধান দুর্নীতির ধারা স্পষ্ট। প্রথমত, সরবরাহকারীদের যোগসাজশে ভুয়া বিল তৈরি করে প্রকল্পের টাকা লুটপাট করা হয়েছে। দ্বিতীয়ত, প্রকৃত কৃষকের বদলে রাজনৈতিক দালাল ও অকৃষিকাজে যুক্ত ব্যক্তিদের মধ্যে যন্ত্র বিতরণ করা হয়েছে। তৃতীয়ত, প্রকল্পের আর্থিক ও প্রশাসনিক ব্যবস্থাপনায় মারাত্মক গাফিলতি ও অনিয়ম করা হয়েছে। এসব অনিয়মের প্রমাণ ইতিমধ্যে তদন্তে উঠে এসেছে।

প্রকল্পসংশ্লিষ্ট কিছু কর্মকর্তার বরখাস্ত এবং ডজনখানেক তদন্ত কার্যক্রম দুর্নীতি দমনে যথেষ্ট নয়। প্রকল্প বাস্তবায়নের নামে যারা কোটি কোটি টাকার ক্ষতি করেছে, তাদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণ জরুরি। দুর্নীতি দমন কমিশন ও কৃষি মন্ত্রণালয়ের উচিত প্রকল্পসংশ্লিষ্ট সব দুর্নীতিবাজ কর্মকর্তা, সরবরাহকারী কোম্পানি এবং তাদের সহযোগীদের চিহ্নিত করে তাদের শাস্তির আওতায় আনা। রাজনৈতিকভাবে ক্ষমতাসীনদের দালালি ও সিস্টেমিক দুর্নীতি বন্ধে একটি টেকসই ও কার্যকর নীতিমালা গ্রহণও অত্যন্ত জরুরি।

দেশে কৃষি খাতের উন্নয়নে সরকারের বিভিন্ন প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তবে এমন ব্যর্থতা শুধু সংশ্লিষ্ট প্রকল্পের সুনাম ধ্বংস করে না, বরং সরকারের প্রতি জনগণের আস্থাকেও চূর্ণবিচূর্ণ করে। কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের মতো একটি সম্ভাবনাময় কর্মসূচির ব্যর্থতা প্রমাণ করে, যথাযথ মনিটরিং, জবাবদিহি এবং সুশাসনের অনুপস্থিতি কীভাবে জাতীয় সম্পদের অপচয় ঘটায়।

এই দুর্নীতির মাধ্যমে যে বার্তাটি দেওয়া হয়েছে, তা কেবল হতাশার জন্ম দেয়। ভবিষ্যতের উন্নয়ন প্রকল্পগুলো যাতে এমন পরিস্থিতির শিকার না হয়, সে জন্য এখনই প্রয়োজন সুস্পষ্ট পরিকল্পনা ও দায়িত্বশীলতামূলক কাঠামো গড়ে তোলা। সরকারের উচিত কৃষি খাতকে বাঁচাতে নতুন করে নীতিমালা প্রণয়ন করা, যাতে কৃষকদের পৃষ্ঠপোষকতা করার প্রতিশ্রুতি প্রকৃত অর্থে বাস্তবায়ন করা যায়। অন্যথায়, লুটপাটের সংস্কৃতি আমাদের উন্নয়ন প্রচেষ্টাকে ধ্বংস করবে এবং কৃষি খাতের ভবিষ্যৎ গভীর অনিশ্চয়তায় পড়ে যাবে।



বাহাস বিভেদ-সংঘাতে না গড়ালেই বাঁচোয়া

আজাদুর রহমান চন্দন



শক্তি-সামর্থ্য' কম বলেই বোধ করি শুরু থেকেই উপেক্ষার শিকার বামপন্থী রাজনৈতিক দল-সংগঠন ও বুদ্ধিজীবী-পেশাজীবীরা। দিনে দিনে নানা বিষয়ে তাদের সঙ্গে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও অন্তর্বর্তী সরকারের মতভেদও প্রকাশ পায়। ইদানীং দেশের অন্যতম প্রধান দল বিএনপির সঙ্গেও মতভেদ বাড়ছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃত্ব ও সরকারের। স্বাভাবিকভাবেই সংস্কারপ্রত্যাশী নাগরিকদের বিষয়টি উদ্বিগ্ন করে তোলে। দলাদলি আর বিভেদের কারণে বারবার আন্দোলনের সুফল হাতছাড়া হওয়ার অভিজ্ঞতা থাকায় সিঁদুরে মেঘেও অনেক ভয় তাদের।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পদত্যাগের দাবি ওঠার পর বিএনপি এর বিপক্ষে অবস্থান নেওয়ায় গত অক্টোবরেই দুই পক্ষের মধ্যে একটি অস্বস্তিকর পরিস্থিতির উদ্ভব হয়েছিল। রাষ্ট্রপতির পদত্যাগের দাবি ওঠার পরপরই বিএনপির কয়েকজন জ্যেষ্ঠ নেতা প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করে দলীয় অবস্থান তুলে ধরে জানিয়েছিলেন, রাষ্ট্রপতির পদত্যাগের মাধ্যমে দেশে কোনো সাংবিধানিক সংকট ও শূন্যতা তৈরি হলে তৃতীয় পক্ষ সুযোগ নিতে পারে বলে দলটির আশঙ্কা। অন্তর্বর্তী সরকারের হস্তক্ষেপে পরিস্থিতি সামাল দেওয়া সম্ভব হলে সে-যাত্রায় সাধারণ মানুষ হাঁফ ছেড়ে বেঁচেছিল। কিন্তু স্বস্তির সেই নিশ্বাস স্থায়ী হতে পারছে কি!

জুলাই গণ-অভ্যুত্থান বা বিপ্লবের (কারও কারও ভাষায়) ঘোষণাপত্র প্রকাশ নিয়েও কিছুটা টানাপোড়েন দেখা দেয়। যেকোনো বিপ্লবের ঘোষণা হয় বিপ্লবের আগে কিংবা সফল হওয়ার সঙ্গে সঙ্গেই। ৫ আগস্ট বা এর পরপর ঘোষণাপত্র প্রকাশ করা হলে সেটি নিয়ে প্রশ্ন তোলার সুযোগ থাকত না। কিন্তু পাঁচ মাস পরে এসে 'বিপ্লবের ঘোষণাপত্র' প্রকাশ করার উদ্যোগ নেওয়ায় কেউ কেউ এটিকে জাতীয় নির্বাচন পেছানোর একধরনের প্রয়াস হিসেবে সন্দেহ করছেন। বিএনপির ভেতরে এমন বিশ্বাস গড়ে ওঠে যে, কোনো বিশেষ রাজনৈতিক দলের উসকানি কিংবা ভরসায়ই কেন্দ্রীয় শহীদ মিনারে জমায়েত ডেকে 'জুলাই বিপ্লবের ঘোষণাপত্র' প্রকাশের উদ্যোগ নিয়েছিল বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। গত ২৮ ডিসেম্বর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির ভেরিফায়েড ফেসবুক পেজে একই ধরনের দুটি পোস্ট দিয়ে ৩১ ডিসেম্বর 'বিপ্লবের ঘোষণাপত্র' প্রকাশ করার কথা জানানো হয়ছিল। কাছাকাছি সময়ে ফেসবুকে নিজের ভেরিফায়েড অ্যাকাউন্টে উপদেষ্টা আসিফ মাহমুদ লিখেছিলেন, 'কমরেডস, নাউ অর নেভার'। পরদিন এক সংবাদ সম্মেলনে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আবদুল্লাহ জানিয়েছিলেন, ৩১ ডিসেম্বর বেলা তিনটায় 'জুলাই বিপ্লবের ঘোষণাপত্র' দেওয়া হবে। তিনি বলেন, ঘোষণাপত্রে 'নাৎসিবাদী আওয়ামী লীগকে' বাংলাদেশে অপ্রাসঙ্গিক ঘোষণা করা হবে এবং 'মুজিববাদী সংবিধান কবরস্থ' করা হবে। যদিও বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মাহমুদ টুকু বিবিসি বাংলাকে বলেন, বাহাত্তরের সংবিধান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত শাসনতন্ত্র।

বিএনপি কয়েক মাস আগে থেকেই জাতীয় সংসদ নির্বাচনের রোডম্যাপ ঘোষণার তাগিদ দিয়ে আসছিল। সে নিয়েও কিছুটা অস্বস্তি দেখা যায় অন্তর্বর্তী সরকার ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃত্বের মধ্যে। অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে সম্প্রতি জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচনের পরিকল্পনা প্রকাশ করার পর বিএনপি ও তার মিত্ররা এর সমালোচনায় মুখর হয়। গত মাসের শেষ দিকে এক মতবিনিময় সভায় স্থানীয় সরকার সংস্কার কমিশনের চেয়ারম্যান অধ্যাপক তোফায়েল আহমেদ বলেছিলেন, বেশির ভাগ মানুষ চান অন্তর্বর্তী সরকারের আমলেই জাতীয় সংসদের আগে স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠিত হোক। এ বিষয়ে রাজনৈতিক দলগুলোর মতামত নেবেন তাঁরা। স্থানীয় সরকার সংস্কার কমিশনও বক্তাদের মতামতের পক্ষে সমর্থন দেয়। তখন থেকেই স্থানীয় সরকার নির্বাচন নিয়ে আলোচনা চলে রাজনৈতিক অঙ্গনে। এরপর ৮ জানুয়ারি প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের এক বক্তব্যের পর আলোচনাটি জোরালো হয়ে ওঠে। ওই দিন ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ইউরোপীয় বিনিয়োগ ব্যাংকের (ইআইবি) ভাইস প্রেসিডেন্ট নিকোলা বিয়ার সাক্ষাৎ করতে এলে প্রধান উপদেষ্টা তাঁকে জানান, অন্তর্বর্তী সরকার জাতীয় সংসদ নির্বাচনের পাশাপাশি স্থানীয় সরকার নির্বাচনেরও প্রস্তুতি নিচ্ছে।

জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচনের পরিকল্পনার তীব্র বিরোধিতা করে বিএনপি ও এর সমমনা বিভিন্ন দল। ওই দলগুলোর নেতারা বলেন, সরকার যদি স্থানীয় সরকার নির্বাচনের মতো বিষয় তুলে ধরে জাতীয় নির্বাচন বিলম্বিত করার চেষ্টা করে, তাহলে তাঁরা দ্রুত জাতীয় নির্বাচনের দাবিতে কর্মসূচি দেবেন।

> **জুলাই গণ-অভ্যুত্থান বা বিপ্লবের (কারও কারও ভাষায়) ঘোষণাপত্র প্রকাশ নিয়েও কিছুটা টানাপোড়েন দেখা দেয়। যেকোনো বিপ্লবের ঘোষণা হয় বিপ্লবের আগে কিংবা সফল হওয়ার সঙ্গে সঙ্গেই। ৫ আগস্ট বা এর পরপর ঘোষণাপত্র প্রকাশ করা হলে সেটি নিয়ে প্রশ্ন তোলার সুযোগ থাকত না। কিন্তু পাঁচ মাস পরে এসে 'বিপ্লবের ঘোষণাপত্র' প্রকাশ করার উদ্যোগ নেওয়ায় কেউ কেউ এটিকে জাতীয় নির্বাচন পেছানোর একধরনের প্রয়াস হিসেবে সন্দেহ করছেন।**

এদিকে স্থানীয় সরকার নির্বাচন ইস্যুতে সরকারের পক্ষে অবস্থান জানান দেয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাদের উদ্যোগে গঠিত জাতীয় নাগরিক কমিটি। ১১ জানুয়ারি এক সংবাদ সম্মেলনে কমিটির পক্ষ থেকে বলা হয়, ছাত্র-জনতার অভ্যুত্থানের পর স্থানীয় সরকারকাঠামো 'ভেঙে পড়ায়' নাগরিকেরা সেবা থেকে বঞ্চিত হচ্ছে। এই প্রেক্ষাপটে তারা জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচনের আয়োজন করার ওপর গুরুত্ব দেন। এখানে বলা দরকার, জাতীয় নাগরিক কমিটি বেশ কিছুদিন ধরে সারা দেশে সাংগঠনিক কাঠামো গড়ে তুলছে, যাকে নতুন রাজনৈতিক দল গড়ার প্রক্রিয়া হিসেবেই দেখা হচ্ছে। নতুন এই রাজনৈতিক দল আগামী মাসের মধ্য থেকে শেষ ভাগে আত্মপ্রকাশ করতে পারে বলে এরই মধ্যে সংবাদও বেরিয়েছে। এমনও বলা হচ্ছে, সংসদীয় আসন, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বিএনপির দ্বিতীয় কিংবা তৃতীয় গুরুত্বপূর্ণ নেতাদের নতুন দলে টানার চেষ্টা করা হবে। এই রাজনৈতিক দল গড়ার প্রক্রিয়া নিয়ে এখন রীতিমতো বাহাস চলছে।

নির্বাচন প্রসঙ্গে বিএনপির সঙ্গে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের টানাপোড়েনের মাঝে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা নাহিদ ইসলাম বলেছেন, অন্তর্বর্তী সরকার নিয়ে বিএনপির 'কথার টোন আওয়ামী লীগের সঙ্গে মিলে যাচ্ছে।' তিনি ২৪ জানুয়ারি বিবিসি বাংলাকে বলেন, তিনি রাজনৈতিক দলে যোগ দিলে সরকার থেকে বেরিয়ে যাবেন।

এর দুই দিন আগেই বিবিসি বাংলাকে দেওয়া সাক্ষাৎকারে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বক্তব্য নিয়ে এমন আলোচনার সূত্রপাত। মির্জা ফখরুল বলেছিলেন, 'বর্তমান সরকার নিরপেক্ষ থাকতে না পারলে নির্বাচন করতে নিরপেক্ষ সরকারের প্রয়োজন হবে।' তিনি আরও বলেছিলেন, ছাত্ররা রাজনৈতিক দল গঠন করলে সরকার থেকে 'বেরিয়ে আসা উচিত'। অন্তর্বর্তী সরকারের দুই তরুণ উপদেষ্টা নাহিদ ইসলাম ও আসিফ মাহমুদ এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আবদুল্লাহর প্রতিক্রিয়ার পরও পাল্টাপাল্টি প্রতিক্রিয়া অব্যাহত আছে।

কোনো বিপ্লব, গণ-অভ্যুত্থান বা গণ-আন্দোলনের পর বিজয়ী বিভিন্ন শক্তির মধ্যে ক্ষমতাকেন্দ্রিক দ্বন্দ্ব দেখা দেওয়াটা অস্বাভাবিক নয়। যদিও গত জুলাই-আগস্টে যা ঘটেছে, তা বিপ্লব নাকি গণ-অভ্যুত্থানড়সে নিয়ে বিতর্ক আছে শুরু থেকেই। বিস্ময়ের ব্যাপার হলো, শীর্ষ পর্যায়ের কোনো কোনো ব্যক্তির পক্ষ থেকে ঘটনাটিকে কখনো বিপ্লব, কখনো গণ-অভ্যুত্থান আখ্যা দেওয়া। সে প্রসঙ্গে আর নাই-বা এগোলাম।

গণ-অভ্যুত্থানে শামিল হওয়া নানা মত ও পথের ব্যক্তি-সংগঠনের মধ্যে ফুটে ওঠা বিভাজন এড়িয়ে গণতান্ত্রিক উত্তরণের পথে এগোতে পারাটাই দেশ ও জাতির জন্য মঙ্গলজনক। কিন্তু 'জাতি' শব্দটি লেখার সঙ্গে সঙ্গেই যে আরেকটি বিভাজনের কথা সামনে এসে গেল। দ্বিজাতিতত্ত্বের ভিত্তিতে গড়ে ওঠা যে কৃত্রিম রাষ্ট্র পাকিস্তানের জন্য পূর্ব বাংলার মুসলমানরাই বেশি প্রাণপাত করেছিলেন, বছর না পেরোতেই তারাই তো আবার ক্ষোভে ফেটে পড়েছিলেন বাংলা ভাষার মর্যাদার প্রশ্নে। এরপর ভাষা-সংস্কৃতি আর গণতন্ত্রের ধারাবাহিক লড়াইয়ের চূড়ান্ত পর্যায়ে রক্তক্ষয়ী সশস্ত্র সংগ্রামের মধ্য দিয়ে যে স্বাধীন রাষ্ট্রের অভ্যুদয়, সেটি তো জাতি-রাষ্ট্র ছাড়া অন্য কিছু ছিল না। সেই জাতি পরিচয়টিও যে এখন হুমকির মুখে। এ প্রসঙ্গও না হয় তোলা থাকল অন্য কোনো দিনের জন্য। এ ছাড়া কাগজের লেখা মুছে দিলেও বাঙালি তো আর অন্য কোনো জাতিতে রূপান্তরিত হবে না; পঁচাত্তর-পরবর্তী দীর্ঘ সময়েও হয়নি।

এটা সবারই জানা যে, শেখ হাসিনার কর্তৃত্ববাদী শাসনের বিরুদ্ধে আন্দোলনে উদার ও মধ্যপন্থীরা ছাড়াও শরিক ছিল চরম ডান ও চরম বামপন্থীরা। পরস্পরবিরোধী পক্ষগুলো বিভেদ এড়িয়ে শান্তিপূর্ণ উপায়ে গণতন্ত্রে উত্তরণ ঘটাতে পারলেই কেবল জনমনে জেগে ওঠা ভয় দূর হবে। এ ক্ষেত্রে উদার গণতান্ত্রিক শক্তির সময়োপযোগী জোরালো ভূমিকা দরকার। সেই ভূমিকা তারা রাখতে পারবে কি না, সেটিই এখন বড় চ্যালেঞ্জ।

লেখক: সাংবাদিক ও গবেষক।



জামায়াতের বড়শি

(২য় পৃষ্ঠার পর)

বিএনপি। ২০২১ সালের মার্চে নরেন্দ্র মোদি বাংলাদেশ সফরের বিরোধিতায় কর্মসূচিতে সহিংসতার মামলায় খেলাফত এবং জমিয়তের শীর্ষ নেতারা গ্রেপ্তার হন। ওই বছরের জুলাইয়ে খেলাফত মজলিস এবং জমিয়ত বিএনপির জোট ছাড়ার মাসখানেকের মধ্যে তাদের জামিন হয়। এতে স্পষ্ট হয়, আওয়ামী লীগ সরকারের চাপেই বিএনপির জোট ছেড়েছিল দল দুটি। সংসদে যেতে বিএনপির সহযোগিতা প্রয়োজন এ সমীকরণ থেকে পুরোনো মিত্রের সঙ্গে খেলাফত ফিরছে বলে রাজনৈতিক সূত্রের ভাষ্য।

৫ আগস্টের পর বিএনপির সমালোচক ছিল গণঅধিকার পরিষদ। দলটির সঙ্গে জামায়াতের সমঝোতার কথা শোনা যাচ্ছিল। এ দলটিকেও পাশে টেনেছে বিএনপি। গণঅধিকার সভাপতি নুরকে পটুয়াখালী-৩ এবং সাধারণ সম্পাদক রাশেদ খান ঝিনাইদহ-২ আসনে সহায়তা করতে অক্টোবরে বিএনপি চিঠি দেওয়ার পর অবস্থান বদলেছে। গণঅধিকারও দ্রুত নির্বাচন, জাতীয় সরকারের কথা বলছে। একটি দলের যুগ্ম মহাসচিব বলেন, বিএনপির বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা গড়ার মতো জোট করতে পারলে গণঅধিকারও আসবে।

বিএনপি ডাকছে মামুনুল হকের খেলাফতকেও। দলটি ২০০৬ সালে বিএনপির জোট ছাড়ে। স্বল্প সময় ছিল আওয়ামী লীগের মহাজোটেও। খেলাফতের একজন জ্যেষ্ঠ নেতা জানিয়েছেন, গুলশান কার্যালয়ে বৈঠকের আমন্ত্রণ রয়েছে। ইসলামী দলগুলোর জোট গঠনে ভূমিকা রাখা খেলাফত এ আমন্ত্রণ প্রত্যাখ্যান না করলেও এড়িয়ে যাচ্ছে।

এ নেতার ভাষ্য, নির্বাচন সংখ্যানুপাতিক পদ্ধতিতে হলে একটি-দুটি আসনের জন্য বিএনপির কাছে যাওয়ার প্রয়োজন নেই। ধর্মভিত্তিক দলগুলোর জোট ২০ শতাংশ ভোট পেতে সক্ষম। আওয়ামী লীগ নির্বাচনে না থাকলে, তা আরও বাড়তে পারে। তখন ইসলামী দলের নেতারা নিজের শক্তিতে যেতে পারবেন সংসদে। যদি সংস্কার প্রস্তাব অনুযায়ী সংসদে উচ্চকক্ষ হয়, তাতে সংখ্যানুপাতিক পদ্ধতিতে নির্বাচন হলে ইসলামী দলগুলোর প্রতিনিধিত্ব নিশ্চিত হবে।

চরমোনাই পীরে কৌতূহল

বিএনপির জোটে না থাকায় আওয়ামী লীগ শাসনামলে অন্য ইসলামী দলের চেয়ে মুক্তভাবে সভা-সমাবেশ করতে পেরেছিল চরমোনাইর পীরের দল। বিএনপি ও অন্য বিরোধীরা বর্জন করলেও অংশ নিয়েছিল স্থানীয় সরকার নির্বাচনগুলোতে। আওয়ামী লীগ সরকারের সঙ্গে ইসলামী আন্দোলনের অদৃশ্য সমঝোতার গুঞ্জন ছিল। তবে দলটি ছাত্র-জনতার অভ্যুত্থানে অংশ নেয়। জামায়াতের মতো এ দলটিরও ছাত্রনেতাদের সঙ্গে বন্ধুভাব দেখা যাচ্ছে।

চরমোনাইর পীর গণঅভ্যুত্থানের পর থেকে ইসলামী দলের বৃহত্তর জোটের কথা বললেও তাঁর ভাই এবং দলের জ্যেষ্ঠ নায়েবে আমির সৈয়দ মুহাম্মদ ফয়জুল করীম জামায়াতের সমালোচনা অব্যাহত রাখেন। দলীয়প্রধানের সঙ্গে জামায়াত আমিরের সাক্ষাতের পর পরিস্থিতি বদলাতে শুরু করে। বিএনপির বিরুদ্ধে সুর চড়া করে ইসলামী আন্দোলন। গত শনিবারই রেজাউল করীম বলেন, '৫ আগস্টের পর একটি দল ক্ষমতায় যেতে মরিয়া। বিএনপি নতুন করে আর কী দেখাবে। তারা যা করবে, তা এখন তো দেখছি'।

জোট গঠনের প্রক্রিয়া এগিয়ে নেওয়ার কথা জানিয়ে সেদিন চরমোনাই পীর বিএনপির প্রতি ইঙ্গিত করে বলেন, 'দুটি ইসলামী দলের সৌজন্যে সাক্ষাতে অনেকের গাত্রদাহ শুরু হয়েছে। জনগণ ইসলামের পক্ষে একটি ভোট বাক্স চায়।'

ইসলামী আন্দোলন সূত্র জানিয়েছে, ২১ জানুয়ারি জামায়াত আমির সাক্ষাৎ করার পরপরই বিএনপি গুলশানের কার্যালয়ে বৈঠকের আমন্ত্রণ জানায়। তবে চরমোনাই পীরের দল বিএনপিকেই ইসলামী আন্দোলনের কার্যালয়ে আসার আমন্ত্রণ জানায়। তা মেনে মির্জা ফখরুল যাচ্ছেন।

ইসলামী আন্দোলনের মহাসচিব ইউনুস আহমাদ বলেন, ইসলাম, দেশ এবং মানবতার পক্ষে যারা, তাদের সঙ্গে কাজে আপত্তি নেই। বিএনপি মহাসচিবের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ হবে। এতে ইসলামী জোট গঠন এগিয়ে নেওয়া থেমে থাকবে না।

গত কয়েক দিনে চাঁদাবাজি এবং অতীতের কথা টেনে বিএনপির সমালোচনার পর বৈঠক আগের অবস্থান থেকে সরে আসা কিনা প্রশ্নে ইউনুস আহমাদ সমকালকে বলেন, ইসলামী আন্দোলন চাঁদাবাজের বিরুদ্ধে বলছে। দেশের মানুষও বলছে। বিএনপি তো চাঁদাবাজির পক্ষে বলেনি।

ছাত্রদের দলে দৃষ্টি, অপ্রকাশ্য সমঝোতার আভাস

ছাত্র নেতৃত্বের সংগঠন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন এবং জাতীয় নাগরিক কমিটির রাজনৈতিক দল ফেব্রুয়ারিতে আত্মপ্রকাশ করতে পারে। এ দল ভোটের রাজনীতিতে কতটা প্রভাব রাখবে, এর ওপরও নির্ভর করছে আগামী নির্বাচনের জোট। ছাত্রনেতারা প্রকাশ্যে গণঅভ্যুত্থানে ছাত্রশিবিরের সহযোগিতার কথা বলছেন। দুই সংগঠনেই এমন অনেক নেতা আছেন, যারা অতীতে শিবিরের রাজনীতি করেছেন। সেই তুলনায় ছাত্রদল, বিএনপির রাজনীতি করা আসা নেতাকর্মী সংখ্যায় কম। সংস্কারের পর নির্বাচন ছাত্রদের এ অবস্থানকে সমর্থন করতে দেখা যাচ্ছে জামায়াতকে।

রাষ্ট্রপতিকে অপসারণ, সংবিধান পুনর্লিখন এবং জুলাই বিপ বের ঘোষণাপত্র নিয়ে বিএনপির সঙ্গে ছাত্রদের প্রকাশ্য বিরোধ রয়েছে। নির্বাচন ও সংস্কার নিয়েও রয়েছে মতভেদ। ছাত্রনেতারা জুলাই গণহত্যার জন্য আওয়ামী লীগকে দায়ী করে বিচার এবং সংস্কারের পর নির্বাচনের কথা বলছেন। অন্তর্বর্তী সরকারের নিরপেক্ষতা নিয়ে বিএনপির তোলা প্রশ্ন, দ্রুত নির্বাচনের চাপকে 'আওয়ামী লীগের সুর' বলছেন ছাত্রনেতারা। সরকারে থাকা ছাত্র উপদেষ্টা নাহিদ ইসলাম তা প্রকাশ্যেই বলেছেন।

ছাত্রনেতারা আগামী নির্বাচনে আওয়ামী লীগকে চান না। উপদেষ্টা মাহফুজ আলম প্রকাশ্যে ঘোষণায় জানিয়েছেন। জামায়াতের একজন সহকারী সেক্রেটারি জেনারেল বলেন, আওয়ামী লীগ নির্বাচনে না থাকলে এক হিসাব, না থাকলে ভিন্ন। আওয়ামী লীগ না থাকলে বিএনপির সঙ্গে সমঝোতা বা জোটের সম্ভাবনা নেই। বরং বিএনপির প্রতিদ্বন্দ্বী হওয়ার চেষ্টা করবে জামায়াত। ছাত্ররা যদি দল গঠনে সফল হয় এবং বিএনপির সঙ্গে যে বিরোধপূর্ণ সম্পর্ক থাকে, তবে ছাত্রদের সঙ্গে জামায়াতের জোট না হলেও অপ্রকাশ্য নির্বাচনী সহযোগিতার সম্পর্ক থাকবে।

বিএনপিও সঙ্গে ছাত্রদের যোগাযোগ রয়েছে। গত শনিবার রাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান পরিষ্কার করেছেন, ছাত্রদের দলকে স্বাগত জানান। তিনি বলেছেন, 'অন্য কোনো রাজনৈতিক দলের প্রতি তাদের (ছাত্র) আচরণ বক্তব্যমন্তব্য যদি ঝগড়াসুলভ অথবা প্রতিহিংসামূলক হয়, সেটিও জনগণের কাছে অনাকাঙ্ক্ষিত হবে।'

নানা ইস্যুতে প্রকাশ্য বিরোধ থাকলেও, বিএনপি নির্বাচনী সমঝোতার বার্তা দিয়েছে বলে সমকালকে নিশ্চিত করেছেন জাতীয় নাগরিক কমিটির একাধিক নেতা। রোববার আইন উপদেষ্টা ড. আসিফ নজরুলের বক্তব্যেও তা স্পষ্ট। তিনি ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে লিখেছেন, 'বিএনপির সাথে ছাত্রনেতাদের দূরত্ব বা ভুল বোঝাবুঝি কাম্য নয়।... বিএনপি ও ছাত্রনেতারা এমনকি নির্বাচনকেন্দ্রিক বৃহত্তর সমঝোতার বিষয়েও অনাগ্রহী নন (এর ধরন ও ফর্মুলা আলোচনা সাপেক্ষে)। তাই বিরোধের কোনো কারণ নেই। সবাইকে বরং বুঝতে হবে ঐক্য ছাড়া আমাদের বিকল্প নেই।'

ইসলামিক নয়, গণতান্ত্রিক রূপ দেওয়ার চেষ্টা

বিএনপির মূল প্রতিদ্বন্দ্বী ইসলামী দলের জোট হলে আওয়ামী লীগ একে উগ্রবাদের উত্থান বলে দুনিয়ার কাছে দেখাবে অভিমত একাধিক দলের নেতার। তারা জানান, তাই বিএনপিও বিরোধী দল হিসেবে ইসলামী জোটকে চায় না। তাই ধর্মভিত্তিক নয় এমন দলগুলোকে টানার চেষ্টা রয়েছে জোটের মধ্যপন্থি চেহারা দিতে। চরমোনাই পীর শনিবার জানান, শুধু ইসলামী নয়, সমমনা দলগুলোকে নিয়ে বৃহত্তর জোট গঠনের কাজ চলছে।

জামায়াতের নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল হ মো. তাহের বলেন, কারও সঙ্গেই বিরোধ নেই। ইসলামী দলের জোটের আলাপ আছে। জোট কেমন হবে, তা নির্বাচনী আবহ শুরু হলে স্পষ্ট হবে। শুধু ইসলামী দল নয়, ফ্যাসিবাদবিরোধী সব শক্তির সঙ্গে ঐক্য চায় জামায়াত।

টাইম টিভি-বাংলা

(১ম পৃষ্ঠার পর)

কমিউনিটির বিভিন্ন মিডিয়ার সম্পাদক, সাংবাদিক, রাজনীতিক, কমিউনিটি লীডার, আর প্রতিষ্ঠিত পেশাজীবি ও ব্যবসায়ী সহ সব শ্রেণী-পেশার মানুষের উপস্থিতিতে অনুষ্ঠানটি মূলধারার সাথে বাংলাদেশী কমিউনিটির মিলনমেলায় পরিণত হয়। এছাড়াও অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিলো আমেরিকান বাংলাদেশী নতুন জেনারেশন।

বাংলা পত্রিকা ও টাইম টিভি'র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ইউএস কংগ্রেসের মাইনরিটি লীডার হেকিম জাফরীস এক ভিডিও বার্তায় মিডিয়া দুটির সাফল্য কামনা করে বলেন, যুক্তরাষ্টের চতুর্থ স্তম্ভের দায়িত্ব পালন করে মিডিয়াগুলো।

অনুষ্ঠানে আলেকজান্দ্রিয়া ওকাসিও কর্টেজ তার বক্তব্যে যুক্তরাষ্ট্রে চলমান ট্রাম্প প্রশাসনের ইমিগ্রেশন নীতির সমালোচনা করেন এবং বাংলাদেশী কমিউনিটি সহ অভিবাসীদের জন্য কাজ করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

প্রথম দিন: প্রতিষ্ঠাবার্ষিকীর দু'দিনের অনুষ্ঠানের প্রথমদিন ২৪ জানুয়ারী শুক্রবার ছিলো মূলত: টাইম টিভি'র দর্শক-শ্রোতা আর বাংলা পত্রিকা'র পাঠকদের জন্য উৎসর্গকৃত। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে শুরু হওয়া এদিনের কর্মকান্ডের মধ্যে ছিলো টাইম টিভি থিম সং ও ডকুমেন্টারী উপস্থাপন, কেক কাটা, কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের শুভেচ্ছা বক্তব্য, টাইম টিভি-বাংলা পত্রিকা'র সম্মাণনা প্রদান, সঙ্গীতানুষ্ঠান ও নৈশভোজ। প্রচন্ড ঠান্ডা উপেক্ষা করে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অনুষ্ঠানে যোগ দেন এবং উপভোগ করেন।

বিকাল ৫টা থেকে একে অপরকে জানা ও ককটেইল পার্টি, সন্ধ্যা সাড়ে ৭টায় বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত, টাইম টিভি থিম সং এবং টাইম টিভি'র ডকুমেন্টারি প্রদর্শন। এরপর শুভেচ্ছা বক্তব্য রাখেন সাপ্তাহিক বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশন-এর সিইও আবু তাহের। এরপর আমন্ত্রিত অতিথি ফ্লোরিডার কুইক মানি সার্ভিসেস ইনক'র প্রেসিডেন্ট এন্ড সিইও মোহাম্মদ মনির হোসেন এবং আরেক অতিথি ফ্লোরিডার বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক মোহাম্মদ দিনাজ খান সহ অন্যান্য অতিথিদের নিয়ে কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন আবু তাহের। এরপর শুভেচ্ছা বক্তব্য রাখেন মর্টগেজ ব্যাংকার জান ফাহিম (এনএমএলএস # ২১৮১২) এবং মেন্টাল হেলথ বিষয়ে বিশেষ আলোচনায় অংশ নেন আনোয়ারা আনা। এছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন টাইম টেলিভিশন-এর এডুকেটর এন্ড ফাউন্ডার হেড অব প্রোগ্রাম মেরি জোবায়দা।

এদিকে অনুষ্ঠানিকভাবে অনুষ্ঠান শুরুর আগেই ইউএস কংগ্রেসওম্যান গ্রেস মেং অনুষ্ঠানে উপস্থিত হয়ে বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশন-এর সিইও আবু তাহের হাতে সম্মাণণা প্রদান করেন। এসময় টাইম টিভি'র অন্যতম পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু মঞ্চে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে রাত ৯টায় টাইম টেলিভিশনের জনপ্রিয় ও দর্শক নন্দিত 'লাইভ শো-টাইম এক্সক্লুসিভ' অনুষ্ঠান ব্যতিক্রমী আয়োজনে সরাসরি সম্প্রচার করা হয়। এসময় এই অনুষ্ঠানের সঞ্চালক আবু তাহের পরিচালনায় নিজের অভিজ্ঞতা এবং প্রতিদিনের মতো নিউজ আপডেট তুলে ধরেন সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান। পরবর্তীতে টাইম এক্সক্লুসিভ অনুষ্ঠানের অতিথিদের মধ্যে বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, ডা. মাসুদ রহমান, বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক আলহাজ সোলায়মান ভূইয়া, মূলধারার রাজনীতিক অ্যাসাল-এর ন্যাশলনাল প্রেসিডেন্ট মাফ মিসবাউদ্দিন, ফার্মাসিস্ট শাহাব আহমেদ, বীর মুক্তিযোদ্ধা ও সিনিয়র এডভোকেট আখতারুল আলম, বিশিষ্ট সাংবাদিক মনির হায়দার, কমিউনিটি আক্টিভিষ্ট বেদারুল ইসলাম বাদলা ও আব্দুস শহীদ, সোসাইটির সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহীম হাওলাদার, পার্কচেষ্টার রিয়াল এস্টেট-এর কর্ণধার সালে উদ্দিন সাল, স্যান্ড একাউনটেন্ট-এর সিইও মিয়া মোহাম্মদ আবজাল, কমিউনিটি বোর্ড মেম্বার ও বাংলাদেশী আমেরিকান সোসাইটির সাধারণ সম্পাদক আমিন মেহেদী, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সহ সভাপতি ও এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ'র সাধারণ সম্পাদক মোহাম্মদ জাবেদ উদ্দিন, কমিউনিটি বোর্ড মেম্বার শাহজাহান শেখ, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট সৈয়দ এনায়েত আলী, কায়েস, বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক পারভেজ সাজ্জাদ, ফরিদা ইয়াসমীন প্রমুখ।

অনুষ্ঠানে কমিউনিটির সেবায় টাইম টিভি ও বাংলা পত্রিকার ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। বিশেষ করে টাইম টিভি'র প্রতিদিনের জনপ্রিয় লাইভ অনুষ্ঠন 'টাইম এক্সক্লুসিভ' অনুষ্ঠানের বিশেষ প্রশংসা করেন। পরবর্তীতে কমিউনিটিতে অবদান রাখার জন্য কমিউনিটির বিশিষ্টজনদের হাতে টাইম টেলিভিশনের পক্ষ থেকে সম্মানণা সার্টিকেট তুলে দেন আবু তাহের।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিলো সঙ্গীতানুষ্ঠান ও মতিন রেষ্টুরেন্টের দেশীয় খাবারে নৈশভোজ। রাত ১০ টা থেকে রাত ১১টা পর্যন্ত চলে এই পর্ব। এতে বাংলাদেশের প্রখ্যাত পল্লী সঙ্গীত শিল্পী আব্দুল আলীমের কন্যা জোহরা আলীম নূপুর সহ প্রবাসের শিল্পীদের মধ্যে শাহ মাহবুব, শামীম সিদ্দিকী, চন্দ্র রায়, সোমা, রোজী আজাদ, জুয়েল, মেহা ও মরিয়ম মারিয়া সঙ্গীত পরিবেশন করেন। প্রচন্ড ঠান্ডা উপেক্ষা করে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অনুষ্ঠানটি উপভোগ করেন।

দ্বিতীয় দিন: অনুষ্ঠানের দ্বিতীয় দিন (২৫ জানুয়ারী) নির্ধারিত সময়ের আগেই পূর্ণ হয়ে যায় ছয় শতাধিক আসন বিশিষ্ট এস্টোরিয়া ম্যানোরের মূল ভেন্যু। এদিনও অনুষ্ঠানের কর্মকান্ডের মধ্যে ছিলো বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশন, টাইম টিভি থিম সং ও ডকুমেন্টারী উপস্থাপন, কেক কাটা, আমন্ত্রিত অতিথিদের বক্তব্য, টাইম টিভি-বাংলা পত্রিকা অ্যাওয়ার্ড প্রদান, সাংস্কৃতিক অনুষ্ঠান ও গালা ডিনার। উভয় দিন উপস্থিত গণমান্য ব্যক্তিদের উপস্থিতিতে মিডিয়া দু'টির প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটেন বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টিভি'র সিইও আবু তাহের। এদিন কেক কাটার আগে রেড রিবন কেটে বর্ষপূর্তী অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ফ্লোরিডার বিশিষ্ট ব্যবসায়ী ও কুইক মানি সার্ভিসে ইনক'র সিইও মনির হোসেন। এর আগে উদ্বোধনী দলীয় নৃত্য পরিবেশন করে বাপা'র শিল্পীরা। নতুন প্রজন্মের শিল্পীরা হলো: নূসরাত শিকদার কথা, মিথিলা কুন্ড, বনশ্রী সাহা, আরিসা জায়না, জেনিয়া নূর, জৈতা দে ও রায়না পাশা। তাদের চমৎকার পরিবেশনা উপস্থিত শত শত দর্শক-শ্রোতাকে মুগ্ধ করে।

জনাব আবু তাহেরের শুভেচ্ছা বক্তব্যের মধ্য দিয়ে মূল অনুষ্ঠান শুরুর পর বিভিন্ন পর্যায়ে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্রের আলোচিত কংগ্রেস সদস্য আলেকজান্দ্রিয়া ওকাসিও কর্টেজ, ষ্টেট সিনেটর জন সি লু, লুইস সেপুলভেদা ও জেসিকা রামোস, ষ্টেট অ্যাসেম্বীম্যান জোহরান মামদানী। অনুষ্ঠানে কি-নোট বক্তব্য তুলে ধরেন প্যারামাউন্টের গ্লোবালের ইন্টারন্যাশনাল ব্রান্ড মাকেংটিংয়ের সিনিয়র ডিরেক্টর কারিশমা রহমান আজমাত। এছাড়াও নির্ধারিত আলোচকদের মধ্যে ভার্জিনিয়ার ৩৭ ষ্টেট সিনেটের সদস্য সাদ্দাম আজলান সেলিম, মিশিগানের হ্যামট্রামিক সিটি কাউন্সিলের সাবেক সদস্য, ডেমোক্র্যাটিক লীডার কাজী মিয়া, নাসা'য় কর্মরত বাংলাদেশী-আমেরিকান রিফাত তাহসীন, হার্ডভার্ড বেঙ্গলী ক্লাবের প্রেসিডেন্ট নামিরা মেহেদী, ইয়ং স্পীকার সাহলা তাহের ও নাবিল এইচ মুহিব বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, বিশিষ্ট সাংবাদিক, লেখক ও কলামিস্ট হাসান ফেরদৌস, সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, আমেরিকান ইন্টারন্যাশনাল বার এসোসিয়েশনের ডিরেক্টর এটর্নী মঈন চৌধুরী, লং আইল্যান্ড সিটি কেমিস্ট'র কর্ণধার ফামাসিস্ট শাহাব আহমেদ, গ্রামীণ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা আলেক্স কাউন্টস, সারা হোম কেয়ারের কর্ণধার ডা. শাহাজাদী পারভীন, আরমান চৌধুরী সিইএ, মামুনস টিউটোরিয়াল-এর কর্ণধার শেখ আল মামুন, টাইম টেলিভিশনের এডুকেটর ও প্রতিষ্ঠাকালীন হেড অব প্রোগ্রাম মেরি জোবায়দা প্রমুখ। ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন টাইম টিভি'র পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু।

আবু তাহের তার স্বাগত বক্তব্যে কমিউনিটি বিনির্মাণে বাংলা পত্রিকা'র অবদান আর টাইম টেলিভিশনের এক দশকের পথচলার পাশাপাশি, আগামী দিনের পরিকল্পনার কথা তুলে ধরেন।

অনুষ্ঠানে বক্তারা উত্তর আমেরিকায় প্রবাসী বাংলাদেশী কমিউনিটির কল্যাণ, সেবা ও প্রসারে বাংলা পত্রিকা ও টাইম টিভি'র ভূমিকার প্রশংসা করেন। এছাড়াও বক্তারা অতীতের মতো আগামী দিনেও বাংলা পত্রিকা ও টাইম টিভি'র পাশে থাকা এবং সার্বিক সহযোগিতার আশ্বাস দেন।

অনুষ্ঠানের এক পর্যায়ে টাইম টেলিভিশনের বক্স 'টাইম টিভি প্লাস'-এর মোড়ক উন্মোচন করেন বিশিষ্ট ব্যবসায়ী, সাপ্তাহিক আজকাল সম্পাদক ও শাহ নেওয়াজ গ্রুপের কর্ণধার শাহ নেওয়াজ। এসময় তিনি টাইম টেলিভিশনের সংবাদ ও অনুষ্ঠানের ভূয়সী প্রশংসার পাশাপাশি কমিউনিটিতে বাংলা পত্রিকা'র অসামান্য অবদানের কথা তুলে ধরেন।

সব শেষে ছিলো মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠান ও খলিল বিরিয়ানী হাউজের দেশীয় খাবারে গালা ডিনার। এতে বাংলাদেশের অন্যতম জনপ্রিয় কণ্ঠশিল্পী লায়লা ও রেশমী মির্জা সঙ্গীত পরিবেশন করেন। দু'দিনের সমগ্র অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বিশিষ্ট উপস্থাপিকা শারমিন সিরাজ সোনিয়া।

ট্রাম্পের বিরুদ্ধে

(১ম পৃষ্ঠার পর)

জানিয়েছেন, ভারপ্রাপ্ত অ্যাটর্নি জেনারেল জেমস ম্যাকহেনরি যখন এ সিদ্ধান্তে উপনিত হয়েছেন যে- প্রেসিডেন্টের এজেন্ডা বাস্তবায়নে ওই সকল আইনজীবী বিশ্বস্ত নন তখনই তাদের বরখাস্ত করা হয়েছে।

এসব আইনজীবীরা সাবেক স্পেশাল কাউন্সিল জ্যাক স্মিথের সঙ্গে ছিলেন। তারা মূলত ২০২০ সালের যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের ফলাফল উল্টে দিতে ট্রাম্প যে চেষ্টা করেছিলেন সেই অভিযোগের তদন্তের দায়িত্বে ছিলেন। সোমবার এসব আইনজীবীদের বরখাস্ত করা হয়। যা দ্রুতই কার্যকর হবে। জ্যাক স্মিথকে ২০২২ সালে বিশেষ কাউন্সিল হিসেবে নিয়োগ দেয়া হয় ট্রাম্পের বিরুদ্ধে দুটি ফৌজদারি মামলার বিষয়ে তদন্তের জন্য। কিন্তু ট্রাম্প তাকে শপথ নেয়ার দুই সেকেন্ডের মধ্যেই বরখাস্ত করার হুমকি দিয়েছিলেন। এজন্য জ্যাক স্মিথ ট্রাম্পের শপথ গ্রহণের আগেই পদত্যাগ করেন।

এদিকে ট্রাম্পের বিরুদ্ধে আনা দুটি ফৌজদারি অভিযোগের কোনোটিতেই দায়ী নন ট্রাম্প। ফলে গত বছরের নভেম্বরে অনুষ্ঠিত প্রেসিডেন্ট নির্বাচনে ট্রাম্প জয়ী হওয়ার পর এ মামলা দুটি কার্যক্রম বন্ধ হয়ে যায়। তবে এখনও এ বিষয়টি স্পষ্ট নয় স্মিথের সঙ্গে কাজ করা কোন কোন আইনজীবীকে বরখাস্ত করা হয়েছে। স্মিথের দলে যারা কাজ করেছিলেন তাদের অনেকেই দুর্নীতি এবং জাতীয় নিরাপত্তা প্রসিকিউটর ছিলেন।

কুইন্সে কিশোরের

(১ম পৃষ্ঠার পর)

অভিযোগ অনুযায়ী তিনি রোববার (২৬ জানুয়ারী) সকালে উক্ত যুবককে ছুরিকাঘাতে হত্যা করেছেন। পুলিশ সূত্রে জানা গেছে, রোববার সকাল ৬টার পর ১১৫তম প্রিসিঙ্কটের অফিসাররা ঘটনাস্থলে পৌঁছে করোনার ৩৫ এভিনিউ এবং ১০২ স্ট্রিটের কোনে একটি বাড়িতে অভিযুক্তকে ডেকে নেন। এ সময় ২৪ বছর বয়সী বায়রন লেমা-নাউলাকে ৩৫ এভিনিউয়ের বাড়ির ভেতরে অচেতন অবস্থায় উদ্ধার করেন। এ ঘটনার তদন্ত চলছে বলে জানিয়েছে পুলিশ।

স্ত্রীসহ-সন্তানকে

(১ম পৃষ্ঠার পর)

আগমুহূর্তে তাদের মধ্যে তেমন কোনো মারামারিও হয়নি।

পেনসিলভানিয়ার পুলিশ প্রধান স্টিভ লিমানি বলেন, ঘটনাটি অনাকাঙ্ক্ষিত। ঘটনাস্থল থেকে একটি বন্দুক উদ্ধার করা হয়েছে। আমি জানি না পল কেন এমনটা করলেন। এ ঘটনার নেপথ্যের কারণ এখনও উদঘাটন করতে পারিনি আমরা। তাদের পরিবারের সদস্যদের সঙ্গেও আমরা কথা বলেছি। কিন্তু কোনো সূত্র খুঁজে পাইনি।

লিমানি বলেন, ওই দম্পতির কোনো ফৌজদারি অপরাধের ঘটনা বা পারিবারিক কলহও নেই। তাদের সংসার ভালোই চলছিল। আর দশটা পরিবারের মতোই সুখী পরিবার ছিল তাদের। শিশুদের খেলার জন্য পুতুলও সাজানো ছিল ঘরভর্তি।

আ. লীগের ভবিষ্যৎ

(১ম পৃষ্ঠার পর)

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর অন্তর্বর্তী সরকারের নিরপেক্ষতা এবং ছাত্রদের দল গঠন নিয়ে কথা বলার পর আওয়ামী লীগও সেটাতে তাল দিচ্ছে। বিএনপির মতো করে বলছে, জনগণের নির্বাচিত সংসদ প্রয়োজনীয় সংস্কার করবে। এ প্রসঙ্গে উপদেষ্টা নাহিদ ইসলাম বলেই দিয়েছেন, বিএনপির 'কথার টোন' আওয়ামী লীগের সঙ্গে মিলে যাচ্ছে।

জাতীয় নাগরিক কমিটির আহ্বায়ক মুহাম্মদ নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, 'আওয়ামী লীগের পুনর্বাসনের প্রচেষ্টা কারও কারও মধ্যে দেখা যাচ্ছে। আওয়ামী লীগের একটি সফট ভার্সনকে ভোটের মাঠে আনার চেষ্টা দেখা যাচ্ছে। এর পরিণতি ভালো হবে না।'

এ ভাষ্যকে নাকচ করে গতকাল শনিবার দলের স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস বলেন, 'বিএনপিকে আওয়ামী শিবিরে ঠেলে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। উনাদের কথাবার্তায় মনে হয়, বিএনপি যেন আওয়ামী লীগের দোসর। উদ্দেশ্যটা কী? বিএনপির গায়ে আওয়ামী লীগের সিল মারতে চান। আমাদের তাড়াতে চান, এই কথা কখনও চিন্তা করবেন না। পরিষ্কারভাবে বলতে চাই, ভারতের দোসর আওয়ামী লীগ; তাদের দিকে যারা বিএনপিকে ঠেলে দিতে চায়, তারা চেহারা আয়নায় দেখুন।'

ছাত্র নেতৃত্বের বিশ্লেষণ, আওয়ামী লীগ ভোটের মাঠে না থাকলে নির্বাচন হবে 'বিএনপি বনাম বাকিরা'। এতে সুবিধা হবে ছাত্র নেতৃত্বের রাজনৈতিক দল ও জোটের। এবার ক্ষমতায় না এলেও অন্তত প্রধান বিরোধী দলে থাকবে। বাংলাদেশে কোনো রাজনৈতিক সরকারের পাঁচ বছরের বেশি জনসমর্থন ধরে রাখার নজির নেই। তাই পরেরবার সুযোগ তৈরি হবে ছাত্র নেতৃত্বের। আওয়ামী লীগ থাকলে রাজনীতি আবার দ্বিদলীয় বৃত্তে ঢুকে যাবে। তৃতীয় শক্তির বিকাশের পথ রুদ্ধ হবে।

জামায়াতের একাধিক নেতারও একই মূল্যায়ন। তাদের ভাষ্য, আওয়ামী লীগ মনে করে ছাত্র এবং জামায়াতের কারণেই তাদের পতন হয়েছে। তাই বিএনপির প্রতি নমনীয়তা দেখা যাচ্ছে। জামায়াতের এক সহকারী সেক্রেটারি জেনারেল বলেন, অন্যদের সঙ্গে বিএনপির নির্বাচনী প্রতিযোগিতা ও প্রতিদ্বন্দ্বিতা শুরু হওয়ায় আওয়ামী লীগ সুযোগ নিতে চাইছে। বিএনপির নেতারা এখন জামায়াত ও ছাত্রদের বিরুদ্ধে কথা বলায় আওয়ামী লীগও একই সুরে কথা বলে আসলে বন্ধুত্ব পাতাতে চাইছে। এ সমীকরণ জানানোর পর জামায়াতের নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের বলেন, অভ্যুত্থানে অবদান রাখা কোনো দল বা জনগণ এগুলো মানবে না।

লুকিয়ে থাকা আওয়ামী লীগ নেতাদের সামাজিক যোগাযোগমাধ্যমের বক্তব্য এবং তাদের অনেকের সঙ্গে কথা বলে জানা গেছে, বিএনপি তাদের কাছে তুলনামূলক নিরাপদ। বিএনপি ক্ষমতায় ফিরলে আওয়ামী লীগ রাজনীতিতে কিছুটা হলেও স্থান পাবে। তাই সরকার, ছাত্র নেতৃত্ব ও জামায়াতের সঙ্গে দূরত্ব তৈরি হওয়া বিএনপির অবস্থানকে আগ বাড়িয়ে সমর্থন দিচ্ছে। তবে নাম প্রকাশ করে কেউ বক্তব্য দেননি।

ক্ষমতায় থাকাকালে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সম্পর্কে 'কুকথা' বললেও সম্প্রতি আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ তাঁর নেতৃত্বের প্রশংসা করেন। গণতন্ত্র 'পুনরুদ্ধারে' বিএনপি এবং তারেক রহমানে সঙ্গে কাজ করার আগ্রহের কথা জানান।

সহানুভূতি পাওয়া এবং অভ্যুত্থানের শক্তিকে ভাগ করতেই আওয়ামী লীগের কৌশল বলে মনে করছেন বিএনপি নেতারা। তারা বলছেন, এতে কাজ হবে না। দলের স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মাহমুদ টুকু সমকালকে বলেন, আওয়ামী লীগের দুঃশাসনের সবচেয়ে বড় শিকার বিএনপি। দলের চেয়ারপারসন খালেদা জিয়া, ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান থেকে শুরু করে সাধারণ কর্মী-সমর্থকরা পর্যন্ত নির্যাতনের শিকার হয়েছেন। গুম-খুনের শিকার হয়েছেন। আওয়ামী লীগের প্রতি সহানুভূতির প্রশ্নই আসে না। বিএনপি বহুদলীয় গণতন্ত্রে বিশ্বাসী। কাউকে নিষিদ্ধের পক্ষে নয়। বিএনপি মনে করে, আওয়ামী লীগের কী হবে, তা জনগণই ঠিক করবে।

উপদেষ্টা মাহফুজ আলম বলেছেন, 'যারা বাংলাদেশপন্থি তাদের মধ্যে নির্বাচন হবে। বাংলাদেশবিরোধী, আওয়ামী ফ্যাসিবাদীদের কোনোভাবেই নির্বাচনে অংশ নিতে দেওয়া হবে না।'

তিনি আওয়ামী লীগকে ভারতপন্থি আখ্যা দিয়ে আরও বলেন, বিএনপি-জামায়াত নির্বিশেষে যত রাজনৈতিক দল, ছাত্র সংগঠন আছে, শ্রমিক, নারী, আলেম-ওলামা আছেন; যারা বাংলাদেশপন্থি সবাই বাংলাদেশে থাকবেন এবং সুষ্ঠু নির্বাচন প্রক্রিয়ার মধ্য দিয়ে তারা ইতিবাচক প্রতিযোগিতার ভেতর দিয়ে বাংলাদেশে শাসন প্রতিষ্ঠা করবেন।

শেখ হাসিনার সাড়ে ১৫ বছরের কর্তৃত্ববাদী শাসনের আকস্মিক পতন ঘটানো অভ্যুত্থানের 'মাস্টারমাইন্ড' খ্যাতি পাওয়া মাহফুজ আলম বলেন, 'সরকারের অগ্রাধিকারে রয়েছে খুনিদের বিচার, গুম-খুন, ধর্ষণের বিচার করা, সংস্কার করা এবং অবশ্যই বাংলাদেশপন্থি সব রাজনৈতিক দলের অংশগ্রহণে একটি সুষ্ঠু নির্বাচন উপহার দেওয়া, যা গত ১৬ বছরে সম্ভব হয়নি।'

শেখ হাসিনা সরকারের প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাতের তত্ত্বাবধায়ক সরকার পুনর্বহাল করে নির্বাচন দাবির এক দিনের মধ্যেই আওয়ামী লীগকে ভোটের বাইরে রাখার ঘোষণা দিয়ে মাহফুজ আলমের বক্তব্য গুরুত্ব পাচ্ছে। এর আগে গত বৃহস্পতিবার প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম জানিয়েছিলেন, মানবতাবিরোধী অপরাধের দায় স্বীকার না করা পর্যন্ত আওয়ামী লীগ রাজনৈতিক প্রক্রিয়ায় ফিরতে পারবে না।

মোহাম্মদ আরাফাত নিজের ভেরিফায়েড ফেসবুকে শুক্রবার লেখেন, 'আগামী নির্বাচন ইউনূসের অবৈধ সরকারের অধীনে হবে না। এই গণশত্রু সরকারকে বিদায় নিতে হবে। একটি নতুন (তত্ত্বাবধায়ক) সরকারের অধীনে হতে হবে পরবর্তী নির্বাচন। নির্বাচনে অংশগ্রহণকারী সব দল এবং ব্যক্তির জন্য যেন সমান সুযোগ থাকে, সেই পরিবেশ তৈরি করতে হবে। জনগণের নির্বাচিত সংসদ প্রয়োজনীয় সংস্কার কর্মসূচি বাস্তবায়ন করবে। নির্বাচিত সংসদের সংখ্যাগরিষ্ঠ দল সরকার গঠন করবে, দ্বিতীয় বৃহত্তম দল সংসদে বিরোধী দলের আসনে বসবে।' এ লেখা আওয়ামী লীগের ভেরিফায়েড পেজে শেয়ার করায় দলীয় অবস্থান হিসেবে গণ্য হচ্ছে।

অভ্যুত্থানের ছাত্র নেতৃত্ব, জামায়াতে ইসলামী, ইসলামী আন্দোলনসহ কয়েকটি নির্বাচনের চেয়ে সংস্কারে গুরুত্ব দিচ্ছে। এ দলগুলো ভোটে আগে কাঙ্ক্ষিত সংস্কার চায়। দ্রুত নির্বাচন চাওয়া বিএনপি চায় ন্যূনতম সংস্কার করে ভোট হোক। নির্বাচিত সংসদ সংবিধানসহ অন্যান্য সংস্কার করবে। মোহাম্মদ আরাফাতও একই দাবি জানিয়েছেন। এ বক্তব্য আনুষ্ঠানিকভাবে প্রচারের মাধ্যমে আওয়ামী লীগও অভিন্ন অবস্থান নিয়েছে বলে অভিমত অন্তর্বর্তী সরকার সূত্র এবং ছাত্র নেতৃত্বের।

জাতীয় নাগরিক কমিটির আহ্বায়ক নাসীরুদ্দীন বলেন, বিচারের মাধ্যমে আওয়ামী লীগকে নির্বাচন থেকে দূরে রাখা হবে। মাহফুজ আলম সে কথাই বলেছেন। দলটির যারা ছাত্র-জনতাকে হত্যায় জড়িত তাদের রাজনীতি ও নির্বাচনের সুযোগ নেই। যদি কেউ সংসদে আওয়ামী লীগকে এনে একটি বহুদলীয় ব্যবস্থা দেখাতে চায়, তাহলে তাদের পরিণতি শেখ হাসিনার মতোই হবে। বিএনপি এক/এগারোর শিকার বলে তাদের এই ভূত তাড়া করে। বিএনপি ছাত্র-জনতার অভ্যুত্থানে ছিল, গণতান্ত্রিক প্রক্রিয়ায় রয়েছে, ফ্যাসিবাদ নির্মূলে তাদের সঠিক সিদ্ধান্ত নিতে হবে। বাহাত্তরের সংবিধান রেখে, আওয়ামী লীগকে পুনর্বাসনে তা হবে না।

এদিকে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান বলেন, সরকারকে সফল করতেই সমালোচনা করা হচ্ছে। এতে বিরক্ত হওয়ার কিছু নেই। সহ্য করতে হবে। সমালোচনা করলে পরবর্তীতে নেতাদের অপমান করা হয়। সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে। আওয়ামী লীগের দোসররা নানা ষড়যন্ত্র করছে ঐক্যে ফাটল ধরাতে।

তবে আওয়ামী লীগ প্রশ্নে ছাত্র নেতৃত্বই নমনীয় বলে অভিযোগ করেছেন গণঅধিকার পরিষদ সভাপতি নুরুল হক নুর। তিনি বলেন, আওয়ামী লীগ যদি সুযোগ পায়, তাহলে কাউকে ছাড়বে না। আওয়ামী লীগকে ফেরাতে দেশীয় ও আন্তর্জাতিক এজেন্ট কাজ করবে, ফান্ড দেবে। আওয়ামী লীগ নিষিদ্ধে কোনো ছাত্রকে শক্ত অবস্থানে দেখছি না। এ বিষয়ে ছাত্র সংগঠনগুলোর ধারাবাহিক আন্দোলন চালানোর দরকার ছিল। কিন্তু বুঝতে পারছি না তারা কেন সুবিধাবাদী অবস্থানে আছে।

এমন পরিস্থিতিতে প্রেসিডেন্ট লুলা দা সিলভা ব্রাজিলের নাগরিকদের তাঁদের চূড়ান্ত গন্তব্যে পৌঁছে দিতে ব্রাজিলিয়ান এয়ার ফোর্সের (এফএপি) একটি উড়োজাহাজের ব্যবস্থা করার নির্দেশ দিয়েছেন বলে জানিয়েছেন বিচারমন্ত্রী। সম্মানের সঙ্গে ও নিরাপদে তাঁদের যাত্রা শেষ করা নিশ্চিত করতে প্রেসিডেন্ট এ সিদ্ধান্ত নিয়েছেন বলেও জানান তিনি।

শুধু ব্রাজিল নয়, কলম্বিয়া ও গুয়াতেমালার অবৈধ অভিবাসীদেরও নিজ নিজ দেশে ফেরত পাঠিয়েছে যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্রের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দেওয়া পরিসংখ্যান অনুযায়ী, দেশটিতে প্রায় ১ কোটি ১০ লাখ অবৈধ অভিবাসী রয়েছেন।

ট্রাম্পের নিশানায়

(শেষ পৃষ্ঠার পর)

ট্রাম্প প্রশাসন শনিবার ইউএসএআইডির কর্মীদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, আমেরিকা ফাস্ট পলিসি অনুযায়ী বিশ্বব্যাপী সহযোগিতা কার্যক্রম কীভাবে পরিবর্তন করা যায় তার জন্য সহযোগিতা চাওয়া হয়েছে। যদি কেউ এই নির্দেশনা অমান্য করে তাদের তার বিরুদ্ধে যথাযথ প্রদক্ষেপ গ্রহণ করা হবে।

এ বিষয়ে ইউএসএআইডির ভারপ্রাপ্ত প্রশাসক জেসন গ্রে বলেন, ট্রাম্পের প্রশাসনের ওই নির্দেশনা পাওয়ার পরই একাধিক কর্মকর্তাকে পুরো বেতনসহ ছুটিতে পাঠানো হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তাদের যাবতীয় সুযোগ-সুবিধা প্রদান করা হবে।

সিটি কাউন্সিলের

(শেষ পৃষ্ঠার পর)

আইনপ্রণেতা, যিনি প্রায় এক দশক ধরে কাউন্সিলে বরোর সাউথ শো'র প্রতিনিধিত্ব করেছেন। সম্প্রতি জো বোরেলি নিউইয়র্ক পোস্টকে বলেছিলেন, তিনি এই বছরের শেষে তার মেয়াদ-শেষ হওয়ার কয়েক মাস আগেই তিনি পদত্যাগ করবেন।

নিউইয়র্কে ৪ বাংলাদেশি

(শেষ পৃষ্ঠার পর)

প্রবাসী বাংলাদেশীদের মধ্যে বিভ্রান্তি ছড়িয়ে পড়ে। আইন প্রয়োগকারী সংস্থা বা ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট আইসিই সূত্রে জানা গেছে, গত চার দিনে ব্রুকলীন বা অন্য কোনো স্থানে কোনো বাংলাদেশীকে গ্রেপ্তার করা হয়নি। এবিষয়ে নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল-এর কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদা সংবাদমাধ্যমকে জানিয়েছেন, নিউইয়র্কে চার অবৈধ বাংলাদেশী গ্রেপ্তারের তথ্যটি সঠিক নয়।

মঙ্করা !

(শেষ পৃষ্ঠার পর)

সড়কগুলোরও তিরিশ/চল্লিশ পার্সেন্ট হকারদের মালিকানায়, সাড়া শহরে ব্যাটারি রিকশার লাগামহীন দাপট- এসব ব্যাপারে কথা বললে বয়রা হয়ে যায়। এর মধ্যে উনাদের কাছ জরুরী জনগুরুত্বপূর্ণ কাজ হয়ে গেছে সরকারি কর্মচারিদের মহার্ঘ ভাতা বাড়ানো। তার জন্য এক শ' আইটেমে ট্যাক্স ভ্যাট বাড়ালেন!

পাবলিকের সাথে ইয়ার্কি-ফাতরামো মানা যায় কিন্তু শহীদদের সাথে মঙ্করা করা ঠিক না!



Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels
কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD AIRWAYS KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

IRS e file

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA AGENCY 25th Anniversary 1990 2015

KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center



Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন,
হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

MATRIMONIAL SERVICE
(NYC REGISTERED)



নিউইয়র্ক সিটির রেজিষ্টার্ড কাজী
নিউইয়র্ক যে কোন ব্যুরোতে
* শরীয়ত সম্মত বিবাহ পড়ানো হয়।
* প্রয়োজনীয় ডকুমেন্টের জন্য ম্যারেজ সার্টিফিকেট প্রদান করা হয়।
Contact
QAZI ASHRAF HASAN
Phone: (929) 705 2645





ওয়ানডে বিশ্বকাপে সরাসরি খেলার সুযোগ হারালো বাংলাদেশ

বাংলা পত্রিকা ডেস্ক : বাংলাদেশ নারী ক্রিকেট দল প্রথম ওয়ানডেতে হারের পর দ্বিতীয় ম্যাচে ঘুরে দাঁড়িয়েছিল। তাতে সিরিজ জয়ের পাশাপাশি সরাসরি ওয়ানডে বিশ্বকাপ খেলারও সুযোগ তৈরি হয়েছিল দলটির জন্য। কিন্তু তৃতীয় ও শেষ ম্যাচে ওয়েস্ট ইন্ডিজের কাছে ৮ উইকেটের হারে হাতছাড়া হলো সে সুযোগ।

সম্ভাবনা জাগিয়েও প্রথমবারের মতো সরাসরি বিশ্বকাপে কোয়ালিফাই করা হলো না নিগার সুলতানা জ্যোতির দলের। তবে বাছাই পর্ব খেলে বিশ্বকাপের মূল পর্বে যাওয়ার সুযোগ থাকছে টাইগ্রেসদের।

সেন্ট কিটসে শুক্রবার (২৪ জানুয়ারি) রাতে প্রথমে ব্যাট করতে নেমে ৪৩.৫ ওভারে সব কটি উইকেট হারিয়ে ১১৮ রান তুলতে সক্ষম হয় জ্যোতির দল। জবাব দিতে নেমে মাত্র ২ উইকেট হারিয়ে ২২.৩ ওভারে জয় তুলে নেয় ক্যারিবীয়রা।

খালি চোখে একটি সাদামাটা তিন ম্যাচের ওয়ানডে সিরিজ মনে হলেও ওয়েস্ট ইন্ডিজ সফরটা গুরুত্বপূর্ণ ছিল বাংলাদেশ নারী দলের জন্য। কারণ এ সফরেই ছিল নারী চ্যাম্পিয়নশিপ চক্রে নিজেদের শেষ তিন। যে ম্যাচগুলোর উপর নির্ভর করছিল সরাসরি বিশ্বকাপ খেলার ভাগ্য। যেখানে টিকিট নিশ্চিত করতে প্রয়োজন ছিল ২-১ ব্যবধানের সিরিজ জয়।

প্রথম ম্যাচ হেরে সে লক্ষ্য থেকে কিছুটা পিছিয়ে পড়লেও দ্বিতীয় ম্যাচ জিতে আশা জাগিয়েছিলেন জ্যোতিরা। কিন্তু তৃতীয় ও শেষ ম্যাচটিতে লড়াইটুকুও করতে পারেননি। হারিয়েছেন সুবর্ণ এক সুযোগ। ফলে বিশ্বকাপ খেলতে এখন ৬ দলের একটি বাছাইপর্ব খেলতে হবে বাংলাদেশের মেয়েদের।

যেখান থেকে ওয়ানডে বিশ্বকাপে খেলার টিকিট পাবে দুটি দল। এই বাছাইপর্বে পাকিস্তান, ওয়েস্ট ইন্ডিজ, আয়ারল্যান্ড, স্কটল্যান্ড ও থাইল্যান্ডের বিপক্ষে খেলতে হবে লাল সবুজদের।

চ্যাম্পিয়নশিপ টেবিলে ২১ পয়েন্ট নিয়ে সাতে বাংলাদেশ। নিউজিল্যান্ডের সংগ্রহও সমান ২১ পয়েন্ট, তবে নেট রান রেটে এগিয়ে ছয়ে দলটি। স্বাগতিক ভারতসহ টেবিলের শীর্ষ পাঁচ দল সরাসরি ওয়ানডে বিশ্বকাপে খেলার সুযোগ পাবে। তৃতীয় ওয়ানডেতে ওয়েস্ট ইন্ডিজকে হারাতে পারলে নিউজিল্যান্ডকে টপকে যেত বাংলাদেশ।

সেই লক্ষ্যে টস জিতে আগে সেন্ট কিটসে আগে ব্যাট করতে নামলেও স্কোরকার্ডে পর্যাপ্ত পুঁজি তুলতে পারেননি জ্যোতির-া। যদিও দলীয় ৬ রানে মুর্শিদা খাতুনের আউটের পর দ্বিতীয় উইকেটে ভালো জুটি পেয়েছিল দল। ফারজানা হক ও শারমিন আক্তারের ৬২ রানের জুটিতে ভালো সংগ্রহের আভাস দিয়েছিল লাল সবুজরা। কিন্তু এ জুটি ভাঙার পরই বিপর্যয় নামে বাংলাদেশের ব্যাটিংয়ে।

ফারজানা ও শারমিনের বিদায়ের পর বাকিদের ব্যর্থতায় ৩০.৫ ওভারে ৪ উইকেটে ৯৪ থেকে ৪৩.৫ ওভারে ১১৮ রানে থামে দল। মানে মাত্র ২৪ রানের ব্যবধানে শেষ ৬ উইকেট হারায় টাইগ্রেসরা। দলের পক্ষে সর্বোচ্চ ৩৭ রান করেন শারমিন। ২২ রানের ইনিংস খেলেন ফারাজানা। ওয়েস্ট ইন্ডিজের হয়ে মাত্র ৬.৫ ওভারে ১২ রানে ৪ উইকেট নেন অফ স্পিনার কারিশমা রামহারাক।

রান তাড়ায় নেমে কোনো রকম চাপ না নিয়েই সহজ জয় তুলে নেয় ক্যারিবীয়রা। ওপেনার কিয়ানা জোসেফের ৩৯ আর ম্যাথুসের ২২ রানে শুরু থেকেই আধিপত্য ছিল স্বাগতিকদের।

তাদের বিদায়ের পর দিয়ান্দ্রা ডটিনের ৩৩ ও শেমাইনে ক্যাম্পবেলের ২৫ রানের অপরাজিত ইনিংসে ভর করে ৮ উইকেটে জয় নিশ্চিত করে ক্যারিবীয়রা। একইসঙ্গে নিশ্চিত হয় ২-১ ব্যবধানে সিরিজও।

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy





এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

জানুয়ারি ২০২৫ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) জানুয়ারি ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে জানুয়ারি ২০২৫ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, ফাইনাল এ্যাকশন ডেট বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আপনাদের প্রায়োরিটি তারিখ হবে অবশ্যই এই তারিখের পূর্বে।

জানুয়ারি ২০২৫ এর ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে খুব সামান্য অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সর প্রেফারেন্স

প্রথম: (এফ ১) ইউ এস সিটিজেনদের অবিবাহিত পুত্রকন্যা নভেম্বর ২২, ২০১৫।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস স্বামী বা স্ত্রী সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ, (এফ ২ এ): পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস স্বামী বা স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের সন্তান: জানুয়ারি ১, ২০২২।

বি, (এফ ২ বি): পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত সন্তান ২১ বছর বা তদূর্ধ বয়সী। মে ২২, ২০১৬।

তৃতীয়: (এফ ৩): ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্রকন্যা: জুলাই ০১, ২০১০।

চতুর্থ: (এফ ৪): প্রাপ্ত বয়সী ইউএস সিটিজেনদের ভাই বোন। আগস্ট ০১, ২০০৭।

এ ব্যাপারে পারিবারিক এবং চাকুরী ভিসার বিষয়ে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট এর ওয়েবসাইট ভিজিট করুন।

নিউইয়র্ক থেকে ম. হামিদের প্রশ্ন

আমি একজন ইউএস সিটিজেন। আমি এই বিভাগের একজন নিয়মিত পাঠক। আজ আমি আমার এবং আমার এক আত্মীয়ের জন্য দুটি বিষয় জানতে এই লেখাটি লিখছি। আমার পাঠানো দুটি প্রশ্নের মত প্রশ্ন এবং তার উত্তর পরেছিলাম। কিন্তু আজ আপনার পরামর্শ পেতে আবারো প্রশ্ন পাঠালাম। আশা করি উত্তর পাবো এবং কৃতজ্ঞ থাকবো।

আমার প্রথম প্রশ্নটি হচ্ছে: আমি একজন ইউএস সিটিজেন। আমার আবেদনের প্রেক্ষিতে আমার স্ত্রী গ্রীন কার্ড নিয়ে এদেশে এসেছে। কিন্তু আমার স্ত্রী যে গ্রীন কার্ড পেয়েছে সেই গ্রীন কার্ডটি হচ্ছে কন্ডিশনাল গ্রীন কার্ড। তার এই কার্ডের মেয়াদ শীঘ্রই শেষ হয়ে যাবে। এ ব্যাপারে আপনার পরামর্শ প্রত্যাশা করছি।

আমার পাঠানো দ্বিতীয় প্রশ্নটি হচ্ছে:

আমি একজন গ্রীন কার্ডধারী। আমি রাজনৈতিক আশ্রয়ের কেসের মাধ্যমে গ্রীন কার্ড পেয়েছিলাম। বাংলাদেশ থেকে বৈধ ভিসা নিয়ে আসা একজনকে আমি বিয়ে করেছি। আমার স্ত্রীর এদেশে কোন বৈধ স্ট্যাটাস নেই। কিন্তু আমি জানিনা যে আমি আমার স্ত্রীর জন্য আবেদন করতে পারব কিনা। আমাকে কি অপেক্ষা করতে হবে আমার সিটিজেনশিপ লাভ করার আগ পর্যন্ত, নাকি আমি এখনই আমার স্ত্রীর জন্য আবেদন করতে পারবো ?

আমি ইমিগ্রেশন বিষয়ে তেমন কিছু জানি না। আমার পাঠানো দুটি প্রশ্নের জন্য পরামর্শ পেলে উপকৃত হব এবং কৃতজ্ঞ থাকবো।

ম. হামিদের প্রশ্নের উত্তর:



আপনার প্রথম প্রশ্ন হচ্ছে আপনি একজন ইউএস সিটিজেন। আপনার মাধ্যমে আপনার স্ত্রী যে গ্রীনকার্ড পেয়েছে সেই গ্রীন কার্ড হচ্ছে কন্ডিশনাল গ্রীন কার্ড। অর্থাৎ আপনার স্ত্রী হচ্ছেন কন্ডিশনাল গ্রীনকার্ডধারী। অর্থাৎ বিয়ের ২ বছর পূর্ণ না হতেই যদি আপনার স্ত্রী গ্রীনকার্ড পেয়ে থাকেন তবে সেই গ্রীনকার্ড হচ্ছে কন্ডিশনাল গ্রীনকার্ড।

ইমিগ্রেশন নিয়ম অনুযায়ী কন্ডিশনাল গ্রীনকার্ডের মেয়াদ শেষ হবার আগেই ইমিগ্রেশনে ওই কন্ডিশন রিমুভ করার জন্য এবং পার্মানেন্ট কার্ড ইস্যু করার জন্য আবেদন করতে হয়। এ কারণে আপনার স্ত্রীকে তার কন্ডিশনাল কার্ডের মেয়াদ শেষ হওয়ার আগেই তার কন্ডিশন রিমুভ করার জন্য আবেদন জানাতে হবে। পার্মানেন্ট গ্রীন কার্ড ইস্যু করার জন্য ফরম আই ৭৫১ ফাইল করতে হয়। সেখানে স্বামী-স্ত্রী উভয়কে সই দিতে হয়। এবং যথাযথ ফিস দিতে হয়। আর স্বামী স্ত্রী একত্রে বসবাসের স্বপক্ষে বাড়ির লিজ, ইউটিলিটি বিলের কপি, ক্রেডিট কার্ড, ব্যাংক স্টেটমেন্ট, যৌথ ট্যাক্স রিটার্ন ইত্যাদি পেশ করতে হয়।

আপনার দ্বিতীয় প্রশ্নের উত্তর:

আপনি একজন গ্রীন কার্ডধারী। ইমিগ্রেশন নিয়ম অনুযায়ী একজন গ্রীনকার্ডধারী তার স্ত্রী এবং অবিবাহিত সন্তানদের জন্য আবেদন করতে পারেন। রাজনৈতিক আশ্রয়ের আবেদন গৃহীত হবার পর বিয়ে করায় তার স্ত্রী সাধারন নিয়মে পড়বেন। অতিরিক্ত বেনিফিটের আওতায় পড়বেন না। স্ট্যাটাস এডজাস্টমেন্ট এর ইন্টারভিউ এর জন্য উপযুক্ত হতে স্পাউসকে বৈধ প্রবেশদ্বারী হতে হবে এবং বৈধ স্ট্যাটাসধারী হতে হবে। পিটিশনার যদি ইউএস সিটিজেন হন এবং সন্তান মা-বাবা অথবা স্পাউসের গ্রীনকার্ডের জন্য ফাইল করতে চান, সেক্ষেত্রে শুধুমাত্র বৈধ প্রবেশদ্বারী হলেই চলবে।

আপনি একজন গ্রীনকার্ডধারী সে কারণে যেকোনো সময় প্রয়োজনে আপনি এক বছরের জন্য এ দেশের বাইরে ভ্রমণে যেতে পারেন বিনা অনুমতিতে। মনে রাখবেন এক বছরের বেশি সময় অবস্থান করতে চাইলে অনুমতি নিতে হবে। উল্লেখ্য যে, রাজনৈতিক আশ্রয়ের কেসের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন সে কারণে জরুরি না হলে নিজ দেশে বেড়াতে যাওয়া থেকে বিরত থাকাই ভালো ।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল:

kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

নিউইয়র্কে 'বাংলা নববর্ষ'

(শেষ পৃষ্ঠার পর)

পাস হয়। প্রস্তাবনাটি নিউইয়র্ক সিনেটের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

প্রস্তাবনায় বলা হয়, সচেতনতা বৃদ্ধি ও সাংস্কৃতিক বৈচিত্র্য বাড়ানোর জন্য নিউইয়র্ক স্টেটে বসবাসরত বিভিন্ন 'সম্প্রদায়কে' শক্তিশালী করতে আনুষ্ঠানিক দিবসগুলোকে স্বীকৃতি দেওয়া হয় সিনেটে। এই দীর্ঘ ঐতিহ্যের সঙ্গে সঙ্গতি রেখে এই আইনসভা ১৪ এপ্রিলকে নিউইয়র্ক রাজ্যে বাংলা নববর্ষ দিবস (পহেলা বৈশাখ) হিসেবে ঘোষণা করা হয়েছে এবং এ বিষয়ে গভর্নর ক্যাথি হোচুলকে স্মরণ করে আমরা গর্বিত।

এতে আরও বলা হয়, বাংলা নববর্ষের সূচনা করেন ভারতীয় উপমহাদেশে মুঘলরা এবং এই ছুটির দিনটি মূলত ধর্মনিরপেক্ষভাবে উদযাপন করা হয়। নাচ-গান, শিল্পকলার প্রদর্শনীর মাধ্যমে সব ধর্ম ও বিশ্বাসের লোকেরা এটা উদযাপন করে থাকেন।

মধ্যযুগে ভারতীয় উপমহাদেশের কৃষি অর্থনীতির সৌর ক্যালেন্ডারের সঙ্গে ইসলামের চান্দ্র ও হিন্দুদের ক্যালেন্ডারের সমন্বয় করে বাংলা নববর্ষ নির্ধারণ করা হয়। দক্ষিণ-পূর্ব এশিয়ার লাওস, ভিয়েতনাম, কম্বোডিয়া, থাইল্যান্ড, শ্রীলঙ্কা ও ভারতের বড় একটি অংশ একইদিনে নববর্ষ পালন করে।

১৯৯০-এর দশকের শেষ দিক থেকে কুইন্সের বিস্তীর্ণ এলাকা ও ম্যানহাটনের টাইমস স্কয়ারে জাঁকজমক ও আনন্দের সঙ্গে বাংলা নববর্ষ পালিত হয়ে আসছে।

নিউইয়র্কভিত্তিক সংগঠন মুক্তধারা ফাউন্ডেশন গত তিন দশক ধরে বাঙালি সংস্কৃতির প্রচারণা চালিয়ে আসছে এবং বাংলা উৎসব ও বইমেলা আয়োজন করে বাংলার ইতিহাস ও সাহিত্যের সঙ্গে পরিচয় করিয়ে দিয়ে যাচ্ছে।

প্রস্তাবনায় আরও উল্লেখ করা হয়, রবীন্দ্রনাথ ঠাকুর, স্বামী বিবেকানন্দসহ বাংলার নেতৃস্থানীয়রা ১৯ শতকের শেষভাগ থেকে মার্কিন যুক্তরাষ্ট্র ভ্রমণ করে আসছেন। ১৯ শতকের শেষ দিকে বাংলাদেশি অভিবাসীরা যুক্তরাষ্ট্রে আসতে শুরু করে এবং ১৯৭১ সালে পাকিস্তান থেকে স্বাধীনতা অর্জনের পর বাংলাদেশের অভিবাসীরা নিউইয়র্ক সিটিতে বসবাস করতে শুরু করে। এখনো প্রতিবছর প্রায় ১০ হাজারের বেশি বাংলাদেশি যুক্তরাষ্ট্রে অভিবাসন করেন, যাদের অর্ধেকই নিউইয়র্ক সিটিতে বসবাস করেন।

যেহেতু, নিউইয়র্ক রাজ্য বিশ্বজুড়ে বাঙালি জনগণের সাফল্য এবং স্বাধীনতার সংগ্রামে তাদের অর্জনকে স্বীকৃতি দেয়, তাই এখন এই আইনসভা ১৪ এপ্রিলকে নিউইয়র্ক রাজ্যের জন্য বাংলা নববর্ষ হিসেবে ঘোষণা করল।

নিউইয়র্ক সিটি স্কুলে আইস

(শেষ পৃষ্ঠার পর)

আয়োজিত এক বৈঠকে তিনি বর্তমান প্রেক্ষাপট ও পরিস্থিতি নিয়ে কথা বলছিলেন। সোমবার (২৭ জানুয়ারী) কংগ্রেস সদস্য নাদিয়ার সানি সাইড অফিসে আয়োজন করা হয় এই বৈঠকের।

যুক্তরাষ্ট্র কংগ্রেসের প্রবীণ ও প্রভাশালী এই সদস্য বলেন, ট্রাম্পের এটা হচ্ছে সেকেন্ড টার্ম। তার আশপাশে এমন সব লোকরা আছে যারা আগের চেয়ে অভিজ্ঞ এবং তাদের এজেন্ডা বাস্তবায়নে অনেক পরিপক্ব। এজন্য কমিউনিটির করণীয় সম্পর্কে তাদের অবহিত করতে প্রশিক্ষনের উদ্যোগও নিয়েছি আমরা। এবিষয়ে উৎকণ্ঠিত না হয়ে সবাইকে ঐক্যবদ্ধ হওয়া প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি। বলেন, কখনো আইস এসে দরজা নক করলে দরজা খুলবেন না। জিজ্ঞেস করবেন জাজের স্বাক্ষর করা কোন আদেশ তাদের কাছে আছে কিনা? থাকলে সেটা দরজার ফাঁক বা নীচ দিয়ে দিতে বলবেন। সেটা পড়ে নিশ্চিত না হলে দরজা খুলে দেবেন না। এবিষয়ে যে কোন সহযোগিতার প্রয়োজন হলে তার অফিসের সাথে যোগাযোগের পরামর্শ দেন তিনি।

আসন্ন রমজান মাসে মুসলিম কমিউনিটির নিরাপত্তা বিধানে তিনি কি করবেন- এমন এক প্রশ্নের জবাবে নিদিয়া ভ্যালাকুয়েজ বলেন, তার অফিস থেকে বিষয়টি সমন্বয় করা হবে যাতে মুসলিম, এশিয়ান ও ইহুদি কেউ যেন নিরাপত্তাহীনতায় না ভুগে। তিনি বলেন, এখন অনিশ্চয়তা আতংক সর্বত্র। জ্যাকসন হাইটসে গেলে আগের মত লোকজনকে আর দেখা যায় না। এটাই হচ্ছে এই সময়ের বাস্তবতা। এই অবস্থায় কর্মজীবিরা যদি ভয়ে কাজে না যায় তাহলে মূল্যস্ফিতি বলেন, আর ডিমের দাম বলেন এটা নিয়ন্ত্রণ করবেন কিভাবে? কেউ অসুস্থ্য হলে চিকিৎসা নিতে যাচ্ছে না ভয়ে। এটা তো কোন সমাজের চিত্র হতে পারে না।

স্কুলে আইসের উপস্থিতি সম্পর্কে প্রশ্ন করা হলে তিনি বলেন, নিউইয়র্ক সিটি স্কুলে আইস প্রবেশের অনুমতি নেই। ভীতিমুক্ত শিক্ষা পরিবেশের জন্য স্কুল শুরুর আগেই শিক্ষার্থীদের জানানো উচিৎ যে, স্কুলে আইস অনুপ্রবেশের অনুমতি নেই। তবে একে অন্যের সাহায্যে এগিয়ে আসতে হবে। তিনি বলেন, নিউইয়র্ক প্রতিবেশীদের সিটি। এছাড়াও স্কুলে শিক্ষার্থীদের নিয়ে যাবার সময় আনডকুমেন্টেড ইমিগ্র্যান্টদের সাহায্যে বৈধদের এগিয়ে আসা উচিৎ বলে পরামর্শ দেন তিনি।

মতবিনিময় সভায় বাংলাদেশী আমেরিকান এডভোকেসী গ্রুপের সভাপতি জয়নাল আবেদীন সহ দিলরুবা চৌধুরী, মেরী জোবাইদা উপস্থিত ছিলেন।

নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটিতেও উৎকণ্ঠা

(শেষ পৃষ্ঠার পর)

প্রতিষ্ঠানে কর্মী সংকট বাড়ছে। গ্রেপ্তার ভয়ে আনডকুমেন্টেড ও অভিবাসন প্রত্যাশী অনেকে কাজে যোগ দিচ্ছেনা। ডেলিভারী কর্মীরা কাজ বন্ধ করে দেওয়ায় দুরদেশসহ বেশ কয়েকটি ফুড ডেলিভারী অ্যাপ ভিত্তিক প্রতিষ্ঠানের ব্যবসায় ব্যাপক প্রভাব পড়েছে।

খোঁজ নিয়ে জানা গেছে, নিউইয়র্কে জ্যাকসন হাইটসের রেস্টুরেন্টে, ব্যবসা প্রতিষ্ঠানে, রুজভেল্ট এভিনিউয়ের সবকটি সাবওয়ে ও স্ট্রীটে যেখানে সকাল থেকে মধ্যরাত পর্যন্ত মানুষের আনাগোনায় মুখরিত থাকতো। এখন অনেকটাই ফাকা।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক মো. জাবেদ উদ্দিন বলেন, আমি গত ৫ দিন ধরে বাংলাদেশী অধ্যুষিত এস্টোরিয়া, জ্যাকসন হাইটস, ব্রঙ্কস, ওজন পার্ক এলাকাগুলোতে গিয়েছি। আগে এসব এলাকা বাংলাদেশিদের উপস্থিতিতে জনারণ্য থাকতো, সে তুলনায় এখন অনেকটা ফাঁকা। বিশেষ করে সন্ধ্যা রাতে এসব এলাকার রেস্টুরেন্টগুলো কানায় কানায় পূর্ণ থাকতো। এখন সেগুলোতে তেমন লোকজন দেখা যায়না। মূলত ট্রাম্পের অভিবাসী বিরোধী গ্রেপ্তার অভিযানের খবরে কমিউনিটিতেও দুশ্চিন্তা ছড়িয়ে পড়েছে। গ্রোসারী, রেস্টুরেন্ট, ডেলী শপগুলোতে কর্মরত অনেক আনডকুমেন্টেড অভিবাসী কর্মীরা কাজে যাওয়া বন্ধ রেখেছেন। স্কুটার ও বাইকে করে যারা ফুড ডেলিভারি দিতেন, তাদের অনেকে ভয়ে এ কাজ বন্ধ করে দিয়েছেন।

নাম প্রকাশ না করার শর্তে এস্টোরিয়ার ডানকিন ডোনাটসের কর্মী জানান, রোববার কাজে যাওয়ার পথে কুইন্স বোরো এলাকায় আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের জিজ্ঞাসাবাদের সম্মুখীন হয়েছিলেন। এ সময় সংস্থার সদস্যরা তাঁকে সহ বেশ কয়েকজনকে জিজ্ঞাসাবাদ ও আইডি দেখতে চায়। তিনি আইডি দেখানোর পর তাঁকে ছেড়ে দেওয়া হয়। ওই সময় যারা আইডি দেখাতে পারেনি তাদের আটকে রাখা হয়।

ব্রুকলিনের চার্চ এভিনিউয়ের এক ব্যবসায়ী জানান, তার রেস্টুরেন্টে ২০ জন কর্মী কাজ করেন। এর মধ্যে ৫ জনের ওয়ার্ক পারমিট ছিলোনা। ঐ পারমিট বিহীনরা গত বৃহস্পতিবার থেকে কাজে আসছেনা ভয়ে। আমরাও এখন তাদের কাজে রাখতে শঙ্কিত রয়েছি।

জ্যাকসন হাইটসের এক ব্যবসায়ী জানান, গত ৪/৫ দিন ধরে আমাদের প্রতিষ্ঠানে তুলনামূলক কম উপস্থিতি রয়েছে। ওয়ার্কপারমিট আছে এবং কেইসও চলমান এমন কর্মীরা কাজে আসতে ভয়ে রয়েছেন।

সাংবাদিক নাজমুল হাসান জানান, আইসের ধরপাকড়ের খবরে বেশ প্রভাব পড়েছে জ্যাকসন হাইটস, রুজভেল্ট এভিনিউসহ বাংলাদেশি অধ্যুষিত এলাকাগুলোতে। এসব এলাকা এখন অনেকটাই জনমানবশুন্য। এরকম অভিযানে অভিবাসীদের মধ্যে একধরনের দু:শ্চিন্তা প্রকট হয়ে ওঠেছে।

সাংবাদিক ফেরদৌস হাসান জানান, গত কয়েকদিন আমরা শিকাগো, নিউজার্সীসহ বিভিন্ন এলাকাতে আইসের অভিযান দেখছি। কারো ডকুমেন্ট যাচাই বাছাই না করেই আইস রাস্তায় যাকে সন্দেহ করছে তাকেই গ্রেপ্তার করছে। এটি অমানবিক এবং ভীতি সৃষ্টি করছে মানুষের মধ্যে।

আইস-এর তথ্যমতে, সাম্প্রতিক দিনগুলিতে সারা দেশে একই ধরনের প্রয়োগকারী অভিযান চালানো হয়েছে। নিউইয়র্ক অঙ্গরাজ্য সহ বিভিন্ন স্যাংচুয়ারি সিটিগুলিতে প্রায় ৬০০ অবৈধ অভিবাসীকে আটক করা হয়েছে।

এবিসি নিউজ জানিয়েছে, আইস নিউইয়র্কের এজেন্টরা বেশ কয়েকজন অভিবাসী অপরাধীকে হেফাজতে নিয়েছে। যার মধ্যে রয়েছে ৩০ বছর বয়সী তুর্কি নাগরিক গোখান অ্যাড্রিগুজেল, যিনি একজন "পরিচিত বা সন্দেহভাজন সন্ত্রাসী"।

শনিবার পশ্চিম নিউইয়র্কে-ম্যানহাটন থেকে হাডসন নদীর ওপারে-কর্মকর্তারা ৬১ তম স্ট্রিট এবং হ্যারিসন প্লেসের কাছে একটি অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ে ফুটেজ দেখায় যে তারা মেলবক্সে উঁকি দিচ্ছে এবং তারপরে উপরে উঠছে।

হাডসন পোস্ট জানিয়েছে, পৃথকভাবে এজেন্টদের একজন অজ্ঞাত হিস্পানিক ব্যক্তিকে হাতকড়া পরাতে এবং প্রশ্ন না করে একটি ভ্যানে রাখতে দেখা গেছে।

এদিকে বাংলাদেশী কমিউনিটির ফেসবুক গ্রুপে গ্রেপ্তার ও অভিযানের বিভিন্ন খবর পোস্ট করা হচ্ছে। যার কোনটির সত্যতা নিশ্চিত না হওয়া গেলেও এসব পোস্টে বিভিন্নজন পক্ষে বিপক্ষে মন্তব্য করছেন। কেউ এসব পোস্টকে ভীতি ছড়ানো হচ্ছে বলে মন্তব্য করছেন। অনেকে আবার ভয় না পেয়ে সচেতন থাকার পরামর্শ দিয়েছেন।

ইসরায়েল-মিশর ছাড়া সব

(শেষ পৃষ্ঠার পর)

নিয়েছে।

এদিকে, নির্বাহী আদেশে স্পষ্টভাবে বলা হয়েছে যে, ইসরায়েলকে সামরিক সহায়তা অব্যাহত থাকবে। ফলস্বরূপ, গাজা যুদ্ধের পর মার্কিন যুক্তরাষ্ট্র থেকে ইসরায়েলকে প্রাপ্ত দীর্ঘমেয়াদী অস্ত্র সহায়তা বাড়ানো হয়েছে।

১৯৭৯ সালে ইসরায়েলের সাথে শান্তি চুক্তি স্বাক্ষরের পর থেকে মিশর যুক্তরাষ্ট্র থেকে উল্লেখযোগ্য সামরিক সহায়তা পেয়েছে। তাই এই স্থগিতাদেশ এই দেশের ক্ষেত্রেও প্রযোজ্য নয়।

পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেছেন যে, জরুরি খাদ্য সহায়তার জন্য বিশেষ ছাড় দেওয়া হবে, যা পূর্বে সুদান এবং সিরিয়ার ক্ষেত্রে প্রযোজ্য ছিল।

প্রতিবেদন অনুসারে, নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও তার অফিসের কর্মকর্তাদের কাছে একটি স্মারকলিপি পাঠিয়েছেন। এতে বলা হয়েছে যে, রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের 'আমেরিকা ফার্স্ট' নীতির অধীনে বিদেশী সাহায্যের উপর কঠোর বিধিনিষেধ আরোপ করা হবে। এতে বলা হয়েছে, 'নতুন তহবিল অনুমোদন বা বিদ্যমান তহবিল নবায়নের প্রতিটি প্রস্তাব পর্যালোচনা এবং অনুমোদনের পরেই কার্যকর হবে।'

এই আদেশ উন্নয়ন সহায়তা থেকে শুরু করে সামরিক সহায়তা পর্যন্ত সবকিছুর উপর প্রভাব ফেলবে বলে আশা করা হচ্ছে। রাশিয়ান আগ্রাসনের বিরুদ্ধে লড়াই করার জন্য জো বাইডেন প্রশাসন থেকে কয়েক বিলিয়ন ডলার মূল্যের অস্ত্র সহায়তা পেলেও এবার তা বন্ধ হয়ে যেতে পারে।

এই নির্দেশিকায় যুক্তরাষ্ট্র অর্থায়িত চউচঋঅজ প্রোগ্রাম, যা উন্নয়নশীল দেশগুলিতে, বিশেষ করে আফ্রিকার রোগীদের জন্য অ্যান্টিরেট্রোভাইরাল ওষুধ সরবরাহ করে, অন্তত কয়েক মাসের জন্য স্থগিত করার ইঙ্গিত দেওয়া হয়েছে। চউচঋঅজ হল একটি ঐওঠ/অওউঝ প্রোগ্রাম যা উন্নয়নশীল দেশগুলিতে, বিশেষ করে আফ্রিকার রোগীদের জন্য অ্যান্টিরেট্রোভাইরাল ওষুধ সরবরাহ করে। ২০০৩ সালে রাষ্ট্রপতি জর্জ ডব্লিউ বুশের অধীনে চালু হওয়া এই প্রোগ্রামটি আনুমানিক ২ কোটি ৬০ লক্ষ জীবন রক্ষায় সহায়ক হয়েছে।

তবে ইসরায়েল ও মিসরের জন্য সামরিক সহায়তাকে মার্কো রুবিও নির্দেশনার বাইরে রাখা হয়েছে। গাজা যুদ্ধের পর থেকে আমেরিকা ইসরায়েলকে একটি বৃহত্তর সামরিক প্যাকেজ প্রদান করে আসছে। ১৯৭৯ সালে ইসরায়েলের সাথে শান্তি চুক্তি স্বাক্ষরের পর থেকে মিশর উল্লেখযোগ্য পরিমাণে মার্কিন প্রতিরক্ষা তহবিল পেয়েছে। রুবিও জরুরি খাদ্য সহায়তার জন্য একটি পৃথক ঘোষণাও করেছিলেন। সুদান এবং সিরিয়ার মতো সংকট-পীড়িত অঞ্চলে এই সহায়তা প্রদান করে আসছে আমেরিকা।

ওয়াশিংটন দীর্ঘদিন ধরে তার পররাষ্ট্র নীতির হাতিয়ার হিসেবে বৈদেশিক সাহায্য ব্যবহার করে আসছে। যুক্তরাষ্ট্র দাবি করে যে, তারা উন্নয়নের উপর জোর দেয়, যা চীনের থেকে আলাদা। কারণ চীন সাধারণত প্রাকৃতিক সম্পদ আহরণের উপর বেশি মনোযোগী।

৮৫ দিনের মধ্যে সকল বৈদেশিক সাহায্যের অভ্যন্তরীণ পর্যালোচনার নির্দেশও দেওয়া হয়েছে।

স্থগিতাদেশের সমর্থনে রুবিও বলেন, নতুন প্রশাসনের পক্ষে পূর্ববর্তী প্রতিশ্রুতিগুলো দেওয়া হচ্ছে কিনা, নাকি সেগুলো পুনরাবৃত্তি করা হচ্ছে তা মূল্যায়ন করা অসম্ভব। একই সাথে, ট্রাম্পের পররাষ্ট্রনীতির সাথে সেগুলো সামঞ্জস্যপূর্ণ কিনা তা দ্রুত যাচাই করাও সম্ভব হবে না।

যুক্তরাষ্ট্র দীর্ঘদিন ধরে ডলারের দিক থেকে বিশ্বের শীর্ষ দাতা। তবে, কিছু ইউরোপীয় দেশ, বিশেষ করে স্ক্যান্ডিনেভিয়ান দেশ, তাদের অর্থনীতির আকারের অনুপাতে মার্কিন যুক্তরাষ্ট্রের তুলনায় অনেক বেশি অর্থ দান করে। ২০২৩ সালে, মার্কিন যুক্তরাষ্ট্র ৬৪ বিলিয়ন ডলারেরও বেশি বৈদেশিক সাহায্য দিয়েছে।

রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণের পর, সোমবার ট্রাম্প ৯০ দিনের জন্য বৈদেশিক সাহায্য স্থগিত করার জন্য একটি নির্বাহী আদেশ জারি করেছেন। তবে, এটি কীভাবে বাস্তবায়ন করা হবে তা তাৎক্ষণিকভাবে স্পষ্ট ছিল না। দারিদ্র্যবিরোধী সংস্থা অক্সফাম জানিয়েছে যে, ট্রাম্প বৈদেশিক সাহায্যের বিষয়ে দীর্ঘদিন ধরে চলমান যুক্তরাষ্ট্র ঐকমত্য থেকে সরে আসছেন।

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq

এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338

Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com

421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

হেলথ টিপস

কী খেলে শীতে মেজাজ থাকবে ফুরফুরে

শীতের সকালে লেপ মুড়িয়ে ঘুমাতে সবাই ভালোবাসেন। তবে এই ঘুম বেশির ভাগ মানুষকেই অলস বানিয়ে দেয়। তবে শীতের অলসতা স্বাস্থ্যের জন্য মোটেও ভালো নয়। শীতের এই অলসতা ওজন বাচার সঙ্গে মেজাজও খিটখিটে করে দেয়। সঙ্গে বাড়িয়ে তুলতে পারে বিভিন্ন ধরনের স্বাস্থ্য সমস্যাও। তাই অলসতা যেন শরীর ও মনে কোনোভাবেই জেঁকে না বসে, সেদিকে লক্ষ্য রাখতে হবে।

চিকিৎসকদের মতে, শীতকালে মেজাজেজর হেরফের হয়। কম সূর্যালোক ও ঠান্ডা আবহাওয়া শরীর ও মনকে প্রভাবিত করে। তবে কিছু বিশেষ খাবার খেলে শীতকালেও মেজাজ থাকবে ফুরফুরে।

চলুন জেনে নেওয়া যাক সেসব খাবার সম্পর্কে-

১. শীতের যেসব খাবার মেজাজ উন্নত করতে সাহায্য করবে-

২. বাদাম- বাদামে ম্যাগনেসিয়াম থাকে, যা মানসিক চাপ কমাতে সাহায্য করে।

৩. সবুজ শাকসবজি- পালং শাক, মেথি ও অন্যান্য সবুজ শাকসবজিতে ভিটামিন ও খনিজ থাকে, যা মেজাজ উন্নত করতে সাহায্য করে।

৪. ডার্ক চকোলেট- ডার্ক চকোলেটে ফ্ল্যাভোনযড়ে ও পলিফেনল থাকে, যা মস্তিষ্কে রক্তপ্রবাহ বাচায় এবং সেরোটোনিন-র মাত্রা বাচায়।

৫. কলা- কলায় ভিটামিন বি৬ থাকে, যা সেরোটোনিন নিঃসরণে সাহায্য করে।

৬. দই- দইতে প্রোবায়োটিক থাকে, যা অন্ত্রের স্বাস্থ্যের জন্য ভালো। এটি মেজাজ উন্নত করতে সাহায্য করে।

৭. আদা- আদার প্রদাহবিরোধী বৈশিষ্ট্য রয়েছে, যা মানসিক চাপ কমাতে সাহায্য করে।

আখরোট- আখরোটে ওমেগা-৩ ফ্যাটি এসিড থাকে, যা মস্তিষ্কের স্বাস্থ্যের জন্য ভালো। এটি মেজাজ উন্নত করতে সাহায্য করে। এ ছাড়া প্রতিদিন কিছুক্ষণ রোদে বসলে ভিটামিন ডি পাওয়া যাবে। সেই সঙ্গে মেজাজও ভালো থাকবে। সঙ্গে নিয়মিত যোগব্যায়াম করলে মানসিক চাপ কমে এবং মেজাজ উন্নত হবে।

জুটির সব রেকর্ড ভেঙে দিচ্ছেন লিটন-তানজিদ

চিটাগং কিংসের বিপক্ষে ঢাকা ক্যাপিটালসের জয়ের ভিত্তি গড়ে দিয়েছে লিটনতানজিদের ওপেনিং জুটি

চিটাগং কিংসের বিপক্ষে ঢাকা ক্যাপিটালসের জয়ের ভিত্তি গড়ে দিয়েছে লিটন-তানজিদের ওপেনিং জুটিপ্রথম আলো

চ্যাম্পিয়নস ট্রফির বাংলাদেশ দল নিয়ে কি আক্ষেপই বাড়াচ্ছেন তানজিদ হাসান লিটন দাস?

সংস্করণ ভিন্ন, বিপিএলে টিটোয়েন্টি, চ্যাম্পিয়নস ট্রফিতে ওয়ানডে। তবু ফর্ম বিবেচনায় নিলে আক্ষেপ তো হতেই পারে। আগামী মাসে শুরু হতে যাওয়া চ্যাম্পিয়নস ট্রফির বাংলাদেশ দলে তানজিদ আছেন। কিন্তু জাতীয় দলে রানখরার মধ্যে থাকায় লিটন দাস নেই। দুজনই থাকলে বাংলাদেশ দল যে ওপেনিং নিয়ে বাড়তি ভরসা পেত, সেটিই বিপিএলে দেখিয়ে যাচ্ছেন তানজিদলিটন। ঢাকা ক্যাপিটালসের দুই ওপেনার আজ চিটাগং কিংসের বিপক্ষে গড়েছেন ৭৫ রানের জুটি। যে জুটি ১৪৮ রান তাড়ায় ঢাকার জয়কে সহজ করে দিয়েছে। ১১ বল বাকি থাকতে ৮ উইকেটের জয় পেয়েছে ঢাকা। প্রথম ছয় ম্যাচেই হেরে যাওয়া দলটি সর্বশেষ চার ম্যাচের তিনটিই জিতেছে

দশম ম্যাচে এসে তৃতীয় জয়বোঝাই যাচ্ছে, এবারের বিপিএলে ঢাকা ক্যাপিটালস খুব একটা ভালো খেলেনি। তবে এর মধ্যেও বেশির ভাগ ম্যাচেই ঢাকাকে ওপেনিংয়ে ভালো একটি সংগ্রহ এনে দিয়েছে তানজিদলিটন জুটি।

যার মধ্যে বিপিএল ইতিহাসের সর্বোচ্চ ২৪১ রানের জুটি যেমন আছে, আছে দুটি ফিফটি ছাড়ানো জুটিও। ২৫ ছাড়ানো জুটিও দুটি। উদ্বোধনী জুটিতে তো বটেই, যেকোনো জুটিতেই এবারের বিপিএলে সবচেয়ে বেশি রান করেছেন তানজিদলিটন। বিপিএল ইতিহাসে এক আসরে সেরা জুটির ে ওপে রকর্ডেরও রর



দিকেই এখন তাঁদের নাম।

১২ জানুয়ারি সিলেটে দুর্বার রাজশাহীর বিপক্ষে ২৪১ রানের জুটি গড়েন লিটন ও তানজিদ, তুলে নেন সেঞ্চুরিও

১২ জানুয়ারি সিলেটে দুর্বার রাজশাহীর বিপক্ষে ২৪১ রানের জুটি গড়েন লিটন ও তানজিদ, তুলে নেন সেঞ্চুরি ও প্রথম আলো

আজ চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে কিংসের বিপক্ষে সর্বশেষ ম্যাচের পর তানজিদলিটনের জুটিতে মোট রান ৯ ইনিংসে ৪৭৭। এর মধ্যে একটি ম্যাচে দুজনের জুটি হয়েছিল তৃতীয় উইকেটে, বাকি ৮টিতে ওপেনিংয়ে ৪৬৯।

এবারের বিপিএলে যেকোনো উইকেটে দ্বিতীয় সর্বোচ্চ রান অ্যালেক্স হেলসসাইফ হাসান জুটির ৩৪৩। রংপুর রাইডার্সের দুই ওপেনার অবশ্য জুটিও বেঁধেছেন মাত্র চার ইনিংসে। তবে শুধু ওপেনিং বিবেচনায় নিলে তানজিদলিটনের ধারেকাছেও কেউ নেই। দ্বিতীয় সর্বোচ্চ দুর্বার রাজশাহীর জিশান আলমমোহাম্মদ হারিস জুটির ১৭৩। লিটনতানজিদ তাঁদের চেয়ে তিন শতাধিক রানে এগিয়ে থাকার পেছনে বড় ভূমিকা সিলেটে দুর্বার রাজশাহীর বিপক্ষে ওই ২৪১ রানের জুটির।

জুটি এবারের আসর ছাড়িয়ে এখন বিপিএলেই রেকর্ড গড়ার পথে। আগের ১০ আসর মিলিয়ে ওপেনিংয়ে এর চেয়ে বেশি রান করতে পেরেছে মাত্র দুটি জুটি। লিটন দাস ও আফিফ হোসেনের ৫৬১ আর তামিম ইকবাল ও এনামুল হকের ৪৮৬। লিটনআফিফ ওপেনিংয়ে জুটি বেঁধেছেন ২০১৯ ও ২০২০ সালে। দলও ছিল ভিন্ন, একবার রাজশাহী রয়্যালসে, আরেকবার সিলেট সিক্সার্সে। এনামুলতামিম জুটির রানও ওই দুই বছরেই, কুমিল্লা ভিক্টোরিয়ানস ও ঢাকা পাটুনের হয়ে।

বিপরীতে তানজিদ ও লিটন এবারই প্রথম জুটি গড়েই দুই আসরব্যাপী আগের দুই জুটিকে ছাড়িয়ে যাওয়ার পথে। তামিমএনামুল জুটি এগিয়ে আছে ১৭ রানে, ৯২ রানে লিটনআফিফ।

জুটির এসব রেকর্ডের পথেই ব্যক্তিগত কিছু অর্জন হয়ে গেছে তানজিদ ও লিটনের। এবারের আসরে সর্বোচ্চ স্কোরারের তালিকায় প্রথম দুটি নামও এই দুজনের। আজ ৯০ রানে অপরাজিত থাকা তানজিদের মোট রান ৪১০, আর ২৫ রানে থেমে যাওয়া লিটনের ৩৪৮।

সুপার সিক্সে বাংলাদেশের সামনে ভারত বাধা

নারী অনূর্ধ্ব-১৯ টি-টোয়েন্টি বিশ্বকাপের সুপার সিক্সে উঠেছে বাংলাদেশ। সেখানে ভারত ও ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে খেলবে বাংলাদেশ। ২৬ জানুয়ারি ভারতের বিপক্ষে এবং ২৮ জানুয়ারি ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে মাঠে নামবে জুনিয়র টাইগ্রেসরা।

'ডি' গ্রুপ রানার্স-আপ হওয়ায় সুপার সিক্সে গ্রুপ-১ এ খেলবে বাংলাদেশ। সেখানে আছে ভারত, অস্ট্রেলিয়া, শ্রীলঙ্কা, ওয়েস্ট ইন্ডিজ ও স্কটল্যান্ড আছে। টুর্নামেন্টের নিয়মানুযায়ী ১ নম্বর গ্রুপে রাখা হয়েছে 'এ' ও 'ডি' গ্রুপের সেরা ছয় দলকে।


গ্রুপ পর্বে অস্ট্রেলিয়া ও স্কটল্যান্ডের বিপক্ষে খেলেছে বাংলাদেশ। তাদের সঙ্গে সুপার সিক্সে খেলতে হবে না বাংলাদেশকে। আর শ্রীলঙ্কা 'এ' গ্রুপ রানার্স-আপ হওয়ায়, তাদের সঙ্গে খেলা নেই টাইগারদের। কারণ গ্রুপ চ্যাম্পিয়নের সঙ্গে চ্যাম্পিয়ন ও গ্রুপ রানার্স-আপের সঙ্গে রানার্স-আপের কোন ম্যাচ নেই।

এজন্য 'এ' গ্রুপ চ্যাম্পিয়ন ভারত এবং তৃতীয় হওয়া ওয়েস্ট ইন্ডিজের সঙ্গে খেলবে বাংলাদেশ। 'ডি' গ্রুপে অস্ট্রেলিয়ার কাছে হারলেও স্কটল্যান্ডের বিপক্ষে জয় ছিল বাংলাদেশের। তাই স্কটল্যান্ডের বিপক্ষে জয়ী হওয়ায় ২ পয়েন্ট নিয়ে সুপার সিক্সে খেলবে বাংলাদেশ। সুপার সিক্সে ২ পয়েন্ট নিয়ে চতুর্থস্থানে আছে বাংলাদেশ।

সুপার সিক্সে সমান ৪ পয়েন্ট নিয়ে গ্রুপ-১ এ শীর্ষে ভারত ও অস্ট্রেলিয়া। সুপার সিক্সে গ্রুপ-২এ খেলবে দক্ষিণ আফ্রিকা, ইংল্যান্ড, যুক্তরাষ্ট্র, নাইজেরিয়া, আয়ারল্যান্ড ও নিউজিল্যান্ড।







Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl Jackson Heights, NY 11372	87-54 168th Street, 2nd Fl Jamaica, NY 11432	1 Blacksmith Lane Dix Hill, NY 11731	2148 Starling Ave. Bronx, NY 10462	175 B Forbell Street Brooklyn, NY 11208	859 Fillmore Ave Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

সাহিত্য
সাময়িকী

যুদ্ধ
সা জ্জা দ বি প্ল ব

যুদ্ধ অনেক রকম
যেমন তোমার আর আমার সম্পর্ক এক ও একক একমাত্র বিন্দুতে দাঁড়িয়ে
সব কিছু সে রকম ভাবা ভুল
তুমি যুদ্ধ করো সার্প সিজার ও ছুরি হাতে
আটলান্টিক স্যামনের সাথে
পাশে আমি মাঝে-মাঝে
পিয়াজের ঝাঁজে

মাছের মা মানে ক্যাটফিশের গন্ধ তোমার অসহ্য লাগলেও
রান্নার পর ঝোলের স্বাদটা দারুণ

আমি যুদ্ধ করি আই প্যাড হাতে
যা আবার তোমার না পছন্দ
এতেই আমার ছন্দ তুমি জানো
কিন্তু জানে না আমার একমাত্র বোন ইলোরা
ভাবে যুদ্ধ-যুদ্ধ খেলায় আমি পলায়নবাদী

আমার আদি ও অতীত সম্পর্কে সে একেবারে অজ্ঞ
যদিও বিজ্ঞ আমি কোনোকালেই ছিলাম না
কোনো বিষয়ে কখনো, আজো নেই
সে জানুক আর না জানুক তুমি তো জানো
আমি হারাই না খেই
পৃথিবীর সমস্ত রকম যুদ্ধে আমি ছিলাম আমি আছি আমি থাকবো

সাবধান কেউ বলো না, আমি নেই।

অভিপ্রায়
হে লা ল উ দ দী ন রা না

তারপরও আছি -

যেমন দাঁড়িয়ে নি:সঙ্গ ম্যাপল
জানলা ঘেঁষে, পনেরো মাইনাসে
কে রেখেছে মনে,এই ক্ষণে

দারুণ আশ্রয় ছিল, সবুজ পাতার
ছিল নিরাপদ বিহঙ্গ বাড়ি
ছিল কারো জন্মের নিলয়
কিছু জল, তুষারে ঝরেছে বাকল

জলেই বেড়েছে গাছ

ফায়ারপ্লেসে পুড়াই কাঠ
আগুন জ্বালাতে চাই বৃক্ষ
সবুজ কি উত্তাপের নাম
পাতা, না ফসিল শিরোনাম

ঘন বনহরিণী নয়নে
বসন্ত আসবে কবে

কূপমন্ডুক
তো ফা য়ে ল ত ফা জ্জ ল

আমাদের সঙ্গ দিলে যদি মুখ ছোট হয়ে যায়,
লোকে জানলে চাপ বাড়ে,
যোগ হয় রক্তক্ষরণের ঝুঁকি,
খর্বাকৃতি হয়ে যায় অর্জন, কবিত্ব,
তাহলে কী আর করা, এড়িয়ে চলুন।
ইচ্ছে মতো সযত্নে টানুন দূরত্বের বাঁকা রেখা।
কারণ, অন্যের দেখে ফেলা কিংবা নড়াচড়া থেকে
পড়ে যেতে পারে
কচিপাতায় ধারণ করা আপনার অমূল্য পরিচিতিটুকু।

আপনাকে অধ্যায় করে পাঠ করতে কটাদিন বেশি লেগে গেলো!
ঝাড়ু দিতে হচ্ছে এখন অতীত, ভূতপূর্ব আস্থা।
কষ্ট হয় একজন কথায় পাকা, অভ্যন্তর ফাঁকা
কূপমন্ডুকের সাথে
জীবনের কিছুকাল করেছি মাটি বা পুড়িয়েছি খড়রূপে।

অনুরোধ, অবসর পেলে আকাশে বুলান চোখ
যাতে ভেতরটা খোলে, বড় হয়।
তা না হলে পাখা গজানো পিঁপড়েরা পড়বে
শিকারী পাখির দলীয় হামলার মুখে।

মিথ্যের আগুন
আ শ রা ফ উ দ্দী ন আ হ ম দ

জঙ্গলে ভয়াল বাঘ আর জলে লোলুপ কুমীর
অন্তরীক্ষে ঈগল-শকুন
কোথায় লুকোবে আফ্রোদিতি অরুন্ধতী

তালশাঁসের মতো তোমার নরোম শরীর
সন্তুষ্ট করবে কাকে
পুকুরের তামাম জল শুকিয়ে যায়
শব্দের বিবরে গোলাপ বাগান...

কবিতারা আজ নগরগামী পথিক
কোথায় লুকোবে মিথ্যের দগ্ধ আগুনে...

স্মৃতির এ্যালবাম
এ বি ছি দ্দি ক

শনশন বাতাসে বিরহের সুর বাজে
জীবনের বেলাভূমিতে সেই মুখ নেই

মস্ত কেলেঙ্কারি নিয়েও প্রেমিক হতে চেয়েছি
অষ্টক্ষণ চোখের পাতায় জমে থাকে ক্লান্তির ছাপ
বেদনার রঙ মেখে-
ধূসর মরুভূমিতে হারিয়ে গেছে স্বপ্নেরা

পুরো দেহ জুড়ে ছোপ ছোপ বেদনার পায়চারি
অথচ বলতে পারিনি আমার প্রাণ ওষ্ঠাগত

মোছে দেয়া গেলো না স্মৃতির এ্যালবাম
অভিনয়ে সিক্ত হই কিছুটা সময়

যা কখনও মনে করো নি
মি সি র হা ছ না ই ন

যা কখনও মনে করো নি একদিন
তাকে মেনে নিয়ে হাসতে হবে জানি,
যে কয়েকটা দাগ মুখের ভাঁজে আর,
কপালের রেখা চিত্র কোথাও কোথাও
মনে করিয়ে দেয়, কেটে ফেলা চালতা
জীবনানন্দের কবিতার সেই ফুল, মনে
করো, আরো কতকিছু যা ভুলে গেছো
সে নাম নগরের শাড়িপরা পাখিটার স্বর,
যে পাতাটা ছিঁড়ে নিছো, মনে আছে??
যা কখনও মনে করো নি, একদিন
তাকে মেনে নিয়ে হাসতে হবে জানি



The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

পথচলায় ২৯ বছর

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ : সংখ্যা ১৯ : সোমবার, মাঘ ১৩, ১৪৩১ / রজব ২৪, ১৪৪৬

Vol. 29 Issue 19, January 27, 2025 USA.

Free in NY, Other State $1.

ইসরায়েল-মিশর ছাড়া সব দেশের সাহায্য স্থগিত যুক্তরাষ্ট্রের

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র ইসরায়েল ও মিশর ছাড়া অন্য সকল দেশের জন্য সাহায্য স্থগিত করেছে। ট্রাম্প প্রশাসন জানিয়েছে যে, তারা ইসরায়েল ও মিশরের জন্য জরুরি খাদ্য ও সামরিক তহবিল স্থগিত করবে না। বিশ্বের বৃহত্তম দাতা দেশ, যুক্তরাষ্ট্র, জানিয়েছে যে, তারা অন্য কোনও দেশকে সাহায্য দেবে না। তবে, ইসরায়েল ও মিশরের জন্য জরুরি খাদ্য সহায়তা এবং সামরিক তহবিল এই সিদ্ধান্তের বাইরে রাখা হয়েছে। জানা গেছে যে, ডোনাল্ড ট্রাম্প প্রশাসন শুক্রবার এই সিদ্ধান্ত

বাকি অংশ ২৮ পৃষ্ঠায়

সাঈদ তারেকের কলাম



মঙ্করা !

হাজার দেড়েক মানুষ প্রাণ দিয়ে উনাদেরকে গদীতে বসিয়েছে র‍্যাব পুলিশ আনসারের পোষাকের রং সংস্কারের জন্য ! কি একটা বিশাল গুরুদায়িত্ব পালন করছেন বীর বাহাদুররা ! যেন কত গুরুতর জাতীয় সমস্যা, উনাদেরকেই সমাধান করে দিয়ে যেতে হবে ! এবং এখনই ! জানি না কোন ঠিকাদার সাপ্লাইয়ের কাজটা পাচ্ছেন !

ঘুষ দূর্নীতি আগের মতই বিদ্যমান, বাজার সিন্ডিকেটের একগাছি লোম ছেড়ার ক্ষমতা নেই, ঢাকার ফুটপাথগুলো আগেই বেদখল হয়ে গেছে, কিছুকিছু এলাকায় এখন মূল

বাকি অংশ ০ পৃষ্ঠায়

অভিবাসীদের ধরপাকড়-বহিষ্কারের দামামা

ক্ষোভ-আতঙ্ক সর্বত্র

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র থেকে অবৈধ অভিবাসীদের তাড়াতে অভিযান শুরু করেছে আইন প্রয়োগকারী বাহিনী। দ্বিতীয় মেয়াদে ক্ষমতায় এসেই অভিবাসীদের প্রতি খড়্গহস্ত হয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। নির্বাচনী প্রচারের সময় তিনি যুক্তরাষ্ট্রে নথিপত্রহীন অভিবাসীদের বিরুদ্ধে কঠোর হওয়ার ঘোষণা দিয়েছিলেন। শপথ গ্রহণের পরপরই তিনি নিজের ওই প্রতিশ্রুতি পূরণে কাজে নেমে পড়েছেন। দেশজুড়ে নথিপত্রহীন অভিবাসীদের ধরপাকড় ও তাঁদের গণহারে বিতাড়িত করা হচ্ছে।

যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় আইনপ্রয়োগকারী সংস্থা ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইসিই) এ তথ্য জানিয়েছে। রোববার শুরু হওয়া এই অভিযানে আইসিইর পাশাপাশি অংশ নিয়েছেন এফবিআই ও ড্রাগ এনফোর্সমেন্ট অ্যাডমিনিস্ট্রেশনসহ (ডিইএ) বিচার বিভাগের বিভিন্ন সংস্থার সদস্যরা। এই অভিযান এক সপ্তাহ ধরে চলবে বলে ধারণা করা হচ্ছে।

ট্রাম্পের ইশারায় যুক্তরাষ্ট্র থেকে অবৈধ অভিবাসী তাড়ানোর দায়িত্ব পেয়েছেন টম হোম্যান। তিনি আইসিইর সাবেক ভারপ্রাপ্ত পরিচালক। সিএনএনের সঙ্গে সাক্ষাৎকারে হোম্যান ঝটিকা অভিযান শুরুর দিনকে 'একটি ভালো দিন' হিসেবে উল্লেখ করেছেন। তাঁর মতে, এই অভিযান 'মোড় বদলে' দেওয়ার মতো একটি ঘটনা।

ওই সাক্ষাৎকারের সময় ইলিনয় অঙ্গরাজ্যের শিকাগো শহরে ছিলেন টম হোম্যান। তিনি বলেন, 'এই বিষয়ে (অবৈধ অভিবাসন) পুরো প্রশাসনকে কাজে লাগিয়েছেন। শিকাগোর জননিরাপত্তা এবং জাতীয় নিরাপত্তা হুমকিগুলোর ওপর নজর রাখতে আজ আমরা সরকারের সব আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থাকে মাঠে নামিয়েছি।'

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে আইসিই লিখেছে, রোববার দেশজুড়ে ৯৫৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। অবৈধ অভিবাসীদের ধরতে শিকাগোয় এই 'বাড়তি অভিযান' ছাড়াও আটলান্টা, পুয়ের্তো রিকো, কলোরাডো, লস অ্যাঞ্জেলেস, অস্টিন ও টেক্সাস শহরে অভিবাসনসংক্রান্ত কর্মকর্তাদের তৎপরতা লক্ষ করা গেছে।

সূত্র জানিয়েছে, আইসিইর মাঠপর্যায়ের কর্মকর্তাদের প্রতিদিন ৭৫ জনকে গ্রেপ্তারের নির্দেশ দেওয়া হয়েছে। এর ফলে গত বছরের তুলনায় চলতি বছরে প্রতিদিন গড় গ্রেপ্তারের সংখ্যা বাড়বে। গত অর্থবছরে আইসিইর অভিযানে ১ লাখ ১৩ হাজার ৪৩১ জনকে গ্রেপ্তার করা হয়েছিল। তবে প্রতিদিনি গ্রেপ্তারের

বাকি অংশ ২৩ পৃষ্ঠায়

USAID আমেরিকার জনগণের পক্ষ থেকে

ট্রাম্পের নিশানায় ইউএসএইডের ৬০ কর্মকর্তা

ট্রাম্পের নিশানায় ইউএসএইডের ৬০ কর্মকর্তা

বাংলা পত্রিকা ডেস্ক: বিভিন্ন দেশকে উন্নয়নের জন্য যে আর্থিক সাহায্য দিত যুক্তরা ষ্ট্রের উন্নয়ন সংস্থা ইউএসএইড, তা বন্ধ করে দিয়েছে ট্রাম্প প্রশাসন। সহায়তা বন্ধের পর এবার ট্রাম্প প্রশাসনের নিশানায় ইউএসএইডের প্রায় ৬০ জন উর্ধ্বতন কর্মকর্তা। এ সংক্রান্ত একটি নির্দেশনা ইউএসএআইডির কর্মীদের পাঠানো হয়েছে। যেখানে ট্রাম্পের অঙ্গীকারের বিষয়ে বলা হয়েছে।

এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে বার্তাসংস্থা রয়টার্স।

বাকি অংশ ২৩ পৃষ্ঠায়

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি এরপর

দেখুন পৃষ্ঠা ॥ ২৬

নিউইয়র্ক সিটি স্কুলে আইস প্রবেশের অনুমতি নেই

বাংলাদেশী কমিউনিটি সংগঠনের সাথে কংগ্রেস সদস্য নিদিয়া ভ্যালাকুয়েজের বৈঠক

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক থেকে নির্বাচিত প্রভাবশালী ইউএস কংগ্রেস মেম্বার নিদিয়া ভ্যালাকুয়েজ বলেছেন, ট্রাম্প ক্ষমতা গ্রহণের পর থেকে নিউইয়র্ক এবং এই দেশ কখনো আর আগের মত হবেনা। সবার জানা উচিৎ বর্তমান পরিস্থিতিকে মোকাবেলা করার জন্য প্রত্যেকের নিজস্ব পরিকল্পনা থাকা প্রয়োজন। আমাদের ইমিগ্র্যাশন নীতি হওয়া উচিত মানবিক ও ন্যায়নিষ্ট। কিন্তু এটাই বর্তমান সময়ের সব চেয়ে বড় হুমকি মোকাবেলা করছি আমরা। এটা শুধু ইমিগ্রান্ট কমিউনিটিতে নয়, গোটা সমাজকেই চ্যালেঞ্জের মুখে ফেলে দিয়েছে। এই অবস্থায় কমিউনিটিকে দিক নির্দেশনা দিতে আগামী বুধবার (২৭ জানুয়ারী) আমরা একটি ভার্চুয়াল রাউন্ড টেবিলের আয়োজন করছি। কোন হল বা চার্চে এটা করতে চাইনা এই কারণে যে, ইমিগ্র্যাশন এবং কাস্টমস যেন অনুষ্ঠানে এসে কাউকে টার্গেট করতে না পারে। এর বাইরে আমরা বাংলাদেশী কমিউনিটিকে নিয়েও একটা সভা আহ্বান করতে পারি। যেখানে পরিস্থিতি মোকাবেলায় তাদের করনীয় ও অধিকার সম্পর্কে তথ্য প্রদান করা হবে।

বাংলাদেশী এডভোকেসী গ্রুপ-বাগ'র সাথে

বাকি অংশ ২৮ পৃষ্ঠায়

এক স্লিপ



সালাহউদ্দিন আহমেদ: বর্ণাঢ্য আয়োজন আর জাঁকজমকপূর্ণ ভাবে উদযাপিত হলো নিউইয়র্ক থেকে প্রকাশিত সাপ্তাহিক বাংলা পত্রিকা'র ২৮ বছর পূর্তী এবং টাইম টেলিভিশনের ১০ম প্রতিষ্ঠাবার্ষিকী। মিডিয়া দু'টির বর্ষপূর্তী অনুষ্ঠানে আগত অতিথি ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিরা এমন মন্তব্য করেন। নিউইয়র্ক সিটির বিশালবহুল এস্টোরিয়া ওয়ার্ল্ড ম্যানোরে দু'দিনব্যাপী (২৪-২৫ জানুয়ারী) এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। ইউএস কংগ্রেস সদস্য, নিউইয়র্ক ষ্টেট সিনেটর, অ্যাসেম্বলীম্যান, সিটি কাউন্সিল সদস্য ছাড়াও বাংলাদেশী-আমেরিকান কমিউনিটির বিভিন্ন মিডিয়ার সম্পাদক, সাংবাদিক আর প্রতিষ্ঠিত পেশাজীবি ও ব্যবসায়ী সহ সব শ্রেণী-পেশার মানুষের উপস্থিতিতে অনুষ্ঠানটি মূলধারার সাথে বাংলাদেশী

বাকি অংশ ০০ পৃষ্ঠায়

সিটি কাউন্সিলের সদস্য জো বোরেলি'র পদত্যাগের ঘোষণা

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটি কাউন্সিলের সংখ্যালঘু নেতা রিপাবলিকান জো বোরেলি চলতি মাসের শেষের দিকে পদত্যাগ করবেন বলে শনিবার (২৫ জানুয়ারী) সংবাদমাধ্যমকে জানিয়েছেন। ব্যক্তিগত কারণ দেখিয়ে তিনি পদত্যাগ করছেন বলে জানান। এছাড়া তিনি বলেন, স্টেটেন আইল্যান্ডকে বর্তমান এবং ভবিষ্যত নির্বাচিত কর্মকর্তাদের হাতে ছেড়ে দিয়ে খুব স্বাচ্ছন্দ্য বোধ করছেন। এবং সিটি হলের সবার জন্য শুভকামনা জানান। উল্লেখ্য, জো বোরেলি স্টেটেন আইল্যান্ডের

বাকি অংশ ২৩ পৃষ্ঠায়

নিউইয়র্কে 'বাংলা নববর্ষ' উদযাপনের প্রস্তাব পাস

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যের সিনেটে ১৪ এপ্রিল 'বাংলা নববর্ষ দিবস' উদযাপনের প্রস্তাব পাস হয়েছে। সিনেটর লুইস সেপুলভেদার উত্থাপিত এ প্রস্তাবটি বুধবার

বাকি অংশ ২৮ পৃষ্ঠায়

নিউইয়র্কে ৪ বাংলাদেশি গ্রেপ্তারের খবর সঠিক নয়

নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কে নথিপত্রহীন চার বাংলাদেশী গ্রেপ্তারের খবরটি সঠিক নয়। গেলো সপ্তাহে ঢাকার কয়েকটি দৈনিকে এ সংক্রান্ত খবর প্রকাশিত হওয়ার পর নিউইয়র্ক

বাকি অংশ ২৩ পৃষ্ঠায়

নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটিতেও উৎকণ্ঠা

আনডকুমেন্টেড অভিবাসী গ্রেপ্তারে সাঁড়াশি অভিযান

- গ্রেপ্তারে টার্গেট স্যাংচুয়ারি সিটিগুলো
- অপরাধে সম্পৃক্ততা নেই এমন দেড়শ অভিবাসীকে আটক

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রজুড়ে আনডকুমেন্টেড ও অপরাধী অভিবাসী গ্রেপ্তারে আইসের ব্যাপক সাঁড়াশি অভিযান চলছে। আর এসব অভিযানে ধরপাকড়ের ঘটনায় অভিবাসীদের অভয়াশ্রম খ্যাত নিউইয়র্কে বসবাসরত বাংলাদেশি কমিউনিটিতেও উৎকণ্ঠা ও আতঙ্ক ছড়িয়ে পড়েছে। ফেসবুকের বাংলাদেশি বিভিন্ন কমিউনিটি গ্রুপে সিটির বিভিন্ন স্থানে আইন প্রয়োগকারী সংস্থার অভিযানের ভিডিও পোস্ট এবং আটকের খবর ছড়িয়ে দেওয়ায় এ উৎকণ্ঠা ও আতঙ্ক সৃষ্টি হয়েছে।

এদিকে নিউইয়র্কে বাঙালি অধ্যুষিত এলাকাগুলো অনেকটাই জনশুন্য ও ব্যবসা প্রতিষ্ঠানে বাংলাদেশীদের আনাগোনা কমে গেছে। এছাড়া জ্যাকসন হাইটস, ব্রুকলিনের চার্চ এভিনিউসহ এলাকাগুলোতে বিভিন্ন রেস্টুরেন্ট ও ব্যবসা

বাকি অংশ ২৮ পৃষ্ঠায়







Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169Fax: 718 482 9935. Email: banglapatrikausa@gmail.com